# Focus on our work for expansion of Financial Network

## পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

### সম্মানিত শেয়ারহোল্ডারগণ,

আস্‌সালামু আলাইকুম

ন্যাশনাল ব্যাংক লিমিটেড এর ৪০তম সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাতে পেরে আমরা সত্যিই আনন্দিত। ২০২২ সালের সার্বিক অর্থনৈতিক পরিবেশ ও অনুসৃত প্রাধিকার ভিত্তিক কৌশলসহ ব্যাংকের সার্বিক কার্যক্রমের বিবরণী ও ব্যাংকের সমন্বিত বার্ষিক প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারদের নিকট উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। শুরুতেই আমরা আমাদের অতি প্রিয় প্রয়াত চেয়ারম্যান জনাব জয়নুল হক সিকদারকে শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

আমরা ২০২২ সাল শুরু করেছিলাম এই আশা নিয়ে যে, বছরটি হবে অর্থনৈতিক পুণরুদ্ধারের। কিন্তু ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে শুরু হওয়া রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিশ্বের সরবরাহ প্রক্রিয়াকে মারাত্মকভাবে ব্যাহত করেছে এবং পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতেও বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছে, যার কারণে ব্যবসা-বাণিজ্য স্বাভাবিক ছন্দে ফিরতে পারেনি। চলমান মার্কিন ডলারের সংকটের কারণে বৈদেশিক মুদ্রার স্থিতি দ্রুত হ্রাস পাওয়ায় ব্যাংকসমূহ তাদের আমদানি দায় পরিশোধ করতে অসুবিধার সম্মুখীন হচ্ছে, যার কারণে আমদানি ঋণপত্র খোলার উপর বিপত্তি নেমে আসে। বিগত বছরে অর্থনীতির ধীরগতি থাকা সত্ত্বেও ব্যাংকের ব্যবসায়িক সম্প্রসারণে প্রাধন্য ছিল ক্ষুদ্র ও মাঝারি ব্যবসার দিকে।

একটি অগ্রসরমান ব্যাংক হিসেবে আমরা ব্যাংকের বহুমুখী সেবার বিষয়গুলো বিবেচনায় রেখেছি। আমাদের বার্ষিক বিবরণীতে এটা বিধৃত হয়েছে যে, আমরা সব দিক থেকে ব্যাংকের সূচকের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিলাম। কোম্পানি এ্যাক্ট, ব্যাংকিং কোম্পানি এ্যাক্ট, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধি-বিধান, আন্তর্জাতিক হিসাব মান (IAS)/আন্তর্জাতিক আর্থিক বিবরণী মান (IFRS), বাংলাদেশ ব্যাংকের সার্কুলার ও গাইডলাইনস এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিধি-বিধানের সাথে সঙ্গতি রেখে বিবরণী প্রস্তুত করা হয়েছে।

### বিশ্ব অর্থনীতি ঃ

২০২২ সালের বিরূপ ও সমঝোতাভিত্তিক পরিস্থিতি বিশ্বঅর্থনীতিকে দারুণভাবে প্রভাবিত করেছে। যা ২০৩০ সালের অর্জিতব্য টেকসই প্রবৃদ্ধিকে বাধাগ্রস্থ করছে। বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রভাব বিদ্যমান অবস্থায় রাশিয়া-ইউক্রেন যুদ্ধ খাদ্য ও জ্বালানির বাজারে প্রতিবন্ধকতা তৈরি, খাদ্য নিরাপত্তার অবনতি এবং অনেক উন্নয়নশীল দেশে সুষম খাদ্যের ঘাটতি তৈরির মাধ্যমে নতুন করে সংকটের সৃষ্টি করেছে। নিয়ন্ত্রণহীন উচ্চ মূল্যস্ফীতি মানুষের প্রকৃত আয় কমিয়ে দিয়েছে এবং বিশ্বব্যাপী জীবনযাত্রা ব্যয়ে মারাত্মক সংকট সৃষ্টি করেছে, যা মিলিয়ন মিলিয়ন মানুষকে দরিদ্রতা এবং অর্থনৈতিক সংকটের দিকে ঠেলে দিয়েছে। একই সময়ে বিরূপ আবহাওয়া পরিস্থিতি যেমন তাপপ্রবাহ, ঝড়-ঝঞ্ঝা, বন্যা এবং হ্যারিকেনের কারণে জনজীবন ও অর্থনীতি মারাত্মক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে এবং অনেক দেশে মানবিক বিপর্যয়ের কারণে খরচ বৃদ্ধি অব্যাহত রয়েছে। চায়নায় কিছু কিছু উৎপাদন অঞ্চলে কোভিড পলিসি না থাকার কারণে বিশ্ব সরবরাহ প্রক্রিয়ায় নতুন করে নিষেধাজ্ঞা আরোপিত হয়েছে, যা বিদ্যমান মূল্য চাপকে আরো শক্তিশালী করেছে।

## Directors' Report

Bismillahir Rahmanir Rahim

### Dear Shareholders,

Assalamu Alaikum

It is indeed our great pleasure for getting this opportunity to welcome you all to the 40th Annual General Meeting of National Bank Limited. I am delighted to present the Annual Integrated Report 2022 in this platform to shed light on the Bank's overall performance, exchange views on economic environment and strategic priorities we followed in 2022. At the very beginning let us recall our beloved former chairman Mr. Zainul Haque Sikder with due respect.

We started the year 2022 with hope that it would be a year of economic recovery but the Russia-Ukraine war broke out in February, 2022 disrupting the global supply chain and created a strong external shock on Bangladesh economy like other countries of the world and business could not turn to its regular shape. Banks are facing difficulties in fulfilling their import payment obligations due to a rapid depletion of their foreign currency holdings due to the ongoing dollar crisis which disrupted opening of LC for import. Despite of economic slow movement the main focus of our business enhancement was the customer experience across retail and SME segments.

As a forward-looking bank, we considered different aspects of performance of the bank. Our report depicts that we have been compliant throughout. We prepared our report in line with Company Act, Bank Company Act, Bangladesh Securities and Exchange Commission Rules, International Accounting Standards (IAS)/ International Financial Reporting Standards (IFRS), Bangladesh Bank circulars & guidelines and other applicable rules & regulations of the concerned Regulatory Authorities.

### Global Economy

A series of severe and mutually reinforcing shocks struck the world economy in 2022 as it approached the midpoint for achieving the 2030 Sustainable Development Goals (SDGs). With the impacts of the COVID 19 pandemic still reverberating worldwide, the war in Ukraine ignited a new crisis, disrupting food and energy markets, and worsening food insecurity and malnutrition in many developing countries. High inflation unleashed an erosion of real incomes and a global cost of living crisis that has pushed millions into poverty and economic hardship. At the same time, the climate crisis continued to impose a heavy toll, with heat waves, wildfires, floods and hurricanes inflicting massive economic damages and generating humanitarian crises in many countries. New bottlenecks in global supply chains emerged due to restrictions on some manufacturing areas in China following their zero COVID policy, further intensifying the existing price pressure.

চলমান সমস্ত প্রতিকূল পরিস্থিতি ২০২৩ সালের অর্থনীতিকে মারাত্মকভাবে প্রভাবিত করবে। অব্যাহত মুদ্রাস্ফীতি, যা ২০২২ সালে গড়ে ৯% ছিল, সেটা অনেক উন্নত ও উন্নয়নশীল দেশের অর্থনীতিকে কঠিনভাবে প্রভাবিত করেছে। সুদের হারের দ্রুত বৃদ্ধি, বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভের মাধ্যমে, বিশ্বব্যাপী এর প্রভাবে মূলধনের বহিঃপ্রবাহ এবং উন্নয়নশীল দেশে মুদ্রার অবমূল্যায়নকে ত্বরান্বিত করেছে, যা ব্যালেন্স অব পেমেন্টের উপর চাপ সৃষ্টি করেছে এবং ঋণ প্রবাহকে আরো বিরূপভাবে প্রভাবিত করেছে। ফলে উচ্চ পর্যায়ের পাবলিক ও ব্যক্তিগত খাতে ঋণ প্রদান কঠোর হয়ে যায়, ঋণজনিত খরচ বৃদ্ধি পায়, রাজস্ব খাতের সীমাবদ্ধতা এবং উচ্চতর ঋণ নীতিমালার কারণে আর্থিক অবস্থার দ্রুত অবনতি ঘটে। সুদের হার বৃদ্ধি এবং ক্রয়-ক্ষমতা কমে যাওয়া ভোক্তার আস্থা ও বিনিয়োগকারীদের প্রবৃত্তিকে দুর্বল করেছে। অধিকন্তু বিশ্বের নিকটবর্তী সমৃদ্ধির সম্ভাবনাকেও ম্লান করে দিয়েছে। ভোগ্যপণ্যের জন্য ভোক্তার চাহিদা হ্রাস পাওয়া, ইউক্রেনে দীর্ঘায়িত যুদ্ধ এবং সরবরাহ প্রক্রিয়ায় বিরতিহীন চ্যালেঞ্জ বিশ্ব বাণিজ্যকে দুর্বল করেছে।

## বিশ্ব প্রবৃদ্ধি ও সাফল্য ঃ

বিগত তিন বছরের বিরুদ্ধ প্রভাব বিশেষ করে কোভিড-১৯ মহামারি এবং ইউক্রেনে রাশিয়ার অপ্রত্যাশিত আগ্রাসনের যৌথ প্রভাবে বিশ্ব অর্থনীতি এখন পর্যন্ত মারাত্মক অনিশ্চিত অবস্থায় রয়েছে। নিয়ন্ত্রণবিহীন চাহিদা, সরবরাহ প্রতিবন্ধকতা দীর্ঘায়িত হওয়া এবং দ্রব্যমূল্য বৃদ্ধি, গত বছর বিশ্ব অর্থনীতিতে মুদ্রাস্ফীতি বহুগুনে বৃদ্ধি পাওয়ায় এটাকে লক্ষ্যসীমায় নামিয়ে আনা ও প্রত্যাশিত অবস্থানে রাখা ইত্যাদি বিষয়গুলো কেন্দ্রিয় ব্যাংককে গৃহীত কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য করে।

২০২৩ সালে বিশ্ব প্রবৃদ্ধি ২.৮% ধরা হয়েছে যা ২০২৪ সালে ৩.০০% -এ উন্নীত হবে বলে ধারনা করা হচ্ছে, যদি সামষ্টিক অর্থনীতিতে আশানুরূপ সুবাতাস বইতে শুরু করে। অনুমান করা হচ্ছে যে, বিশ্ব অর্থনীতির গড় চাহিদা দুর্বল হবার সাথে সাথে মুদ্রাস্ফীতির চাপ ধীরে ধীরে কমে আসবে। যা ফেডারেল রিজার্ভ ও অন্যান্য বড় বড় কেন্দ্রীয় ব্যাংককে অর্থনৈতিক কঠোর অবস্থা শিথিল করার সুযোগ করে দিবে এবং এমনকি অধিকতর সহনশীল মুদ্রানীতি প্রণয়নে সুযোগ করে দিবে। তবে, যেহেতু অধিকাংশ অর্থনীতি, রাজনীতি, ভৌগলিক এবং পরিবেশগত ঝুঁকি অব্যাহত থাকবে, সেহেতু নিকট ভবিষ্যতের অর্থনৈতিক চিত্র অনিশ্চিতই রয়ে যাবে।

মার্কিন যুক্তরাষ্ট্রে ২০২৩ সালে মোট অভ্যন্তরীণ উৎপাদন (GDP) ০.৪% হবে বলে আশা করা হচ্ছে, ২০২২ সালে এটা ছিল ১.৮%। উচ্চতর সুদের হার, নিম্ন প্রকৃত আয় এবং নেট পারিবারিক সম্পদের উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসের কারণে ভোক্তাগণ তাদের খরচ কমাবে বলে মনে করা হচ্ছে। কঠোর মুদ্রানীতি এবং চাহিদা হ্রাসের কারণে উর্ধ্বমুখী দ্রব্যমূল্যের চাপ কমে আসবে, কিন্তু বিশ্বব্যাপী উচ্চ মুদ্রাস্ফীতি, যা ২০২২ সালে ৯% ছিল, কমে আসবে বলে ধারণা করা হচ্ছে। তবে ২০২৩ সালে এটা ৬.৫% এর মধ্যে থাকবে।

আর্ন্তজাতিক মুদ্রা তহবিল (IMF) এই মর্মে সতর্ক করেছে যে, বিশ্ব অর্থনৈতিক দৃশ্যপট ভঙ্গুর অবস্থায় থাকবে, যেখানে ব্যাংকের ভারসাম্যহীনতায় নেতিবাচক ঝুঁকি বিরাজ করবে।

## বাংলাদেশ অর্থনীতি ঃ

বাংলাদেশের অর্থনীতি হচ্ছে একটি বৃহৎ উন্নয়নশীল অর্থনৈতিক বাজার। আকারের দিক থেকে দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি হিসাবে বাংলাদেশের অর্থনীতি গুরুত্বের দিক থেকে পৃথিবীতে ৩৭তম অবস্থানে রয়েছে এবং অভিন্ন ক্রয়-ক্ষমতার দিক থেকে ২৫তম অবস্থানে রয়েছে। ব্যষ্টিক অর্থনৈতিক ভারসাম্য, অবকাঠামোগত উন্নতি, ক্রমবর্ধমান ডিজিটাল অর্থনীতি এবং বৈদেশিক বাণিজ্যের ফলশ্রুতিতে কোভিড মহামারির পরও বাংলাদেশ মজবুত প্রবৃদ্ধি অর্জন করেছে। কিন্তু ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে শুরু হওয়া রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিশ্ব সরবরাহ প্রক্রিয়াকে মারাত্মকভাবে ব্যাহত করেছে এবং বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের

All these shocks will weigh heavily on the world economy in 2023. Persistently high inflation, which averaged about 9 per cent in 2022, has prompted aggressive monetary tightening in many developed and developing countries. Rapid interest rate hikes, particularly by the Federal Reserve in the United States of America, have had global spillover effects, triggerring capital outflows and currency depreciations in developing countries, increasing balance of payment pressures and exacerbating debt sustainability risks. Financing conditions have tightened sharply amid high levels of private and public debt, pushing up debt servicing costs, constraining fiscal space and increasing sovereign credit risks. Rising interest rates and diminishing purchasing power have weakened consumer confidence and investor sentiment, further clouding near term growth prospects for the world economy. Global trade has softened due to tapering demand for consumer goods, the protracted war in Ukraine and continued supply chain challenges.

## Global Growth Performance

The global economy is yet again at a highly uncertain arena, with the cumulative effects of the past three years of adverse shocks most notably, the COVID-19 pandemic and Russia's invasion of Ukraine manifesting in unforeseen ways. Spurred by pent-up demand, lingering supply disruptions, and commodity price spikes, inflation reached multi decade highs last year in many economies, leading central banks to tighten aggressively to bring it back toward their targets and keep inflation expectations anchored.

Global growth is projected at 2.8 percent in 2023 and will moderately pick up to 3.0 per cent in 2024, if, as expected, some macroeconomic headwinds begin to subside next year. Inflationary pressures are projected to gradually abate amid weakening aggregate demand in the global economy. This should allow the Federal Reserve and other major central banks to slow the pace of monetary tightening and, eventually, shift to a more accommodative monetary policy. However, the near term economic outlook remains highly uncertain, as myriad economic, financial, geopolitical and environmental risks persist.

In the United States, gross domestic product (GDP) is projected to expand by only 0.4 per cent in 2023 after estimated growth of 1.8 per cent in 2022. Consumers are expected to cut back spending given higher interest rates, lower real incomes and significant declines in household net worth. Upward price pressures will likely ease due to aggressive monetary tightening and slowing demand, but global inflation which reached a multi-decade high of about 9 per cent in 2022 is projected to ease but remain elevated at 6.5 per cent in 2023.

The International Monetary Fund (IMF) warns that the world economic outlook remains fragile, with downside risks in the banking instability.

## Bangladesh Economy

The economy of Bangladesh is a major developing market economy. As the second-largest economy in South Asia, Bangladesh's economy is the 37th largest in the world in nominal terms, and 25th largest by purchasing power parity. Bangladesh experienced robust growth after the pandemic with macroeconomic stability, improvements in infrastructure, a growing digital economy, and growing trade flows. But the Russia-Ukraine war broke out in February, 2022 disrupting the global supply chain and created a strong external

বিশ্বের অন্যান্য দেশের মতো বিগত কয় মাস যাবত বাংলাদেশ মুদ্রাস্ফীতি, তারল্য ও বৈদেশিক মুদ্রা বিনিময় হারের নানা অভিঘাত মোকাবিলা করছে। এ সমস্ত চ্যালেঞ্জ কাটিয়ে ওঠার জন্য কেন্দ্রিয় ব্যাংক ইতোমধ্যে এক গুচ্ছ পদক্ষেপ গ্রহণ করেছে। এগুলোর মধ্যে আছে বাজারে ব্যাপক হারে মার্কিন ডলার বিক্রির উপর গুণগতভাবে কঠোর নিয়ন্ত্রণ আরোপের মাধ্যমে বিভিন্ন পলিসির সুদের হার বৃদ্ধি করা; ব্যাংক এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য রেপু ও তারল্য সমর্থন অব্যাহত রাখা এবং তারল্য সংকটকে সহনীয় রাখার জন্য পুণঃঅর্থায়ন সুবিধা সম্প্রসারিত করা, বিলাস দ্রব্য ও অপ্রয়োজনীয় দ্রব্য আমদানি নিষিদ্ধ করা; রপ্তানি আয় ও অর্ন্তমুখী রেমিট্যান্স প্রবাহকে শক্তিশালী করা ইত্যাদি।

## বাংলাদেশের প্রবৃদ্ধি প্রবণতা ঃ

বাংলাদেশের অর্থনীতি ২০২১ ও ২০২২ অর্থবছরে যথাক্রমে ৬.৯৪% এবং ৭.২৫% প্রকৃত মোট অভ্যন্তরীণ উৎপাদনের মাধ্যমে পূর্ববর্তী দুটি রাজস্ব বছরে আকর্ষণীয় প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে। আর্ন্তজাতিক মুদ্রা তহবিল এর তথ্য অনুযায়ী চলমান অর্থ বছর ২০২৩ এ বাংলাদেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন ৫.৫০% হবে এবং পরের অর্থবছর ২০২৪ এ এর হার হবে ৬.৫০%। ঋণদাতা দেশগুলোর সমীক্ষা অনুসারে, বাংলাদেশ বিশ্বের একটি দ্রুত উন্নয়নশীল দেশের অবস্থান ধরে রাখবে বলে আশা করা হচ্ছে, যেখানে বিশ্বের মাত্র সাতটি দেশে উচ্চ প্রবৃদ্ধির হার আশা করা হচ্ছে।

তিনটি বাহ্যিক সূচকের উপর ভিত্তি করে ধারণা করা হচ্ছে যে, নিকট ভবিষ্যতে বাংলাদেশের অর্থনীতিতে ভারসাম্য বজায় থাকবে। এই সূচক তিনটি হচ্ছে ঃ (ক) রাশিয়া-ইউক্রেন যুদ্ধের স্থায়িত্ব ও প্রভাব; (খ) সুদের হারে অস্থির উল্লম্ফন এবং (গ) চায়নায় কোভিড-১৯ এর পুণরায় আবির্ভাব। এসব চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারলে বাংলাদেশের ভবিষ্যত অর্থনৈতিক উন্নতিতে গতি বৃদ্ধি হবে। যাহা হোক, সহনীয় মুদ্রাস্ফীতি, বাহ্যিক পরিস্থিতির উন্নতি এবং কাঠামোগত সংস্কার কাজ শক্তিশালী করণের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ২০২৪ সালে ৬.২% অর্জন সম্ভব হবে বলে বিশ্ব ব্যাংক প্রাক্কলন করেছে।

## বাংলাদেশের ব্যাংকিং খাত ঃ

মালিকানার ভিত্তিতে বাংলাদেশে চার ধরনের তফসিলী ব্যাংক কার্যকর রয়েছে ঃ রাষ্ট্রীয় মালিকানায় বানিজ্যিক ব্যাংক (SCBs), বিশেষায়িত ব্যাংক (SDBs), ব্যাক্তি মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (PCBs) এবং বিদেশী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (FCBs)। বর্তমানে বাংলাদেশে মোট ৬১টি তফসিলী বাণিজ্যিক ব্যাংক কার্যরত আছে।

বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বাণিজ্যিক ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ব্যাংকগুলো বেসরকারি খাত বিশেষ করে ব্যক্তিগত খাতে বিনিয়োগযোগ্য অর্থ সরবরাহ করে থাকে। বাংলাদেশ একটি আমদানি নির্ভর দেশ। তৈরি পোশাকসহ সকল শিল্প খাতের অধিকতর উন্নতির জন্য বাংলাদেশে কাঁচামাল, খুচরা যন্ত্রাংশ ও যন্ত্রপাতি আমদানি করার প্রয়োজন হয়। এসব ক্ষেত্রে ব্যাংক বিল পরিশোধ, অর্থায়ন ও ঝুঁকি ব্যবস্থাপনার সুবিধা প্রদান করে থাকে।

বাহ্যিক বিরূপ প্রভাবের ফলে ২০২২ সালের শেষ প্রান্তিকে বাংলাদেশের ব্যাংকগুলো ঋণ এবং আমানত প্রবৃদ্ধিতে ধীরগতি, আমদানি দায় নিস্পত্তিতে এবং তারল্য ও বৈদেশিক মুদ্রা বিনিময় হারের চাপ মোকাবিলা করেছে। কোভিড-১৯ মহামারির সমসকালে ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধে শৈথিল্য মনোভাব এবং কিছু ব্যাংকের দুর্বল সুশাসন বাংলাদেশের অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। এসব চ্যালেঞ্জসমূহ কাটিয়ে ওঠার জন্য বাংলাদেশ ব্যাংক এক গুচ্ছ কার্যকরী নীতিমালা গ্রহণ করেছে। যারমধ্যে বাজারে মার্কিন ডলার হ্রাসকরন গুণগতভাবে কঠোর নিয়ন্ত্রণ বিধিনিষেধ আরোপের মাধ্যমে বিভিন্ন পলিসির সুদের হার বৃদ্ধি করা; ব্যাংক এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য রেপু ও তারল্য সমর্থন অব্যাহত রাখা এবং কঠিন তারল্য সংকটকে সহনীয় রাখার জন্য পুণঃঅর্থায়ন সুবিধা সম্প্রসারিত করা, ঋণপত্র খোলার মার্জিন বাড়িয়ে বিলাসবহুল দ্রব্য ও অপ্রয়োজনীয় দ্রব্য আমদানি নিরুৎসাহিত করা; ব্যাংকগুলোকে তাদের পরিচালনা খরচ কমানোর নির্দেশনা প্রদান এবং রপ্তানি আয় ও অর্ন্তমুখী রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে উৎসাহ প্রদান। এনপিএল ও সুশাসন ইস্যুতে ব্যাংকগুলোকে আরো মনযোগী হবার নির্দেশ প্রদান করা হয়েছে।

As like other counties of the world, Bangladesh is facing inflationary, liquidity and exchange rate pressures during the last few months, mainly due to external shocks. To overcome these challenges, the central bank has already taken a series of policy initiatives, which include raising the policy interest rate amid quantitative tightening through the selling of a huge amount of dollars in the market; continuing the repo and liquidity support facilities for banks and NBFIs and extending the refinance facilities to neutralize the tight liquidity condition; discouraging imports of luxury and non-essential commodities; enhancing the facilities to improve the export receipts and inward remittances.

## Growth Outlook of Bangladesh:

Bangladesh economy witnessed impressive growth performances during the previous two consecutive fiscal years, reflected by 6.94 percent and 7.25 percent real GDP growth rates in FY21 and FY22 respectively. The International Monetary Fund has forecasted Bangladesh's GDP growth at 5.50% for the current fiscal year (FY23) and it will be at 6.50% in the next fiscal (FY24). Yet, Bangladesh is expected to remain one of the fastest-growing economies globally, with only seven countries projected to grow at a higher rate, the global lender says in its outlook.

The near-term economic outlook seems quite stable, critically depending on three external issues: (a) the length and intensity of the Russia-Ukraine war, (b) the spree of interest hikes by the Fed, and (c) the re-emergence of the Covid-19 situation and its severity in China. Improvement in these challenges will expedite Bangladesh's future economic gains. The World Bank, however, projected a rebound in the economic growth as it is expected to accelerate to 6.2 per cent in FY2024 as inflationary pressure eases, external conditions improve, and reform-implementation gains momentum.

## Banking Sector in Bangladesh

Depending on the ownership structure, there are four categories of scheduled banks in Bangladesh: state-owned commercial banks (SCBs), specialized banks (SDBs), private commercial banks (PCBs) and foreign commercial banks (FCBs). Currently, there are 61 scheduled banks operated in Bangladesh.

Commercial banks have been playing a significant role in the economic growth of Bangladesh. They provide investible funds to both the public sector, and specially the private sector. Bangladesh is an import-dependent country. It needs to import raw materials, accessories and machineries to foster development of the industrial sector, including the RMG sector. Banks have been facilitating payment, finance and risk management services to the sector.

Amid diverse external shocks, banks in Bangladesh faced slower credit and deposit growth, challenges in import bill settlements, liquidity and exchange rate pressure in the last few months of 2022. The dent made in the repayment behavior of the borrowers during the period of COVID-19 havoc and the weakening governance issues in some banks have become a matter of concern for the financial stability of the country. To overcome these challenges, Bangladesh Bank took series of policy initiatives including allowing Bangladeshi Taka (BDT) to depreciate, raising the policy interest rate amid quantitative tightening through selling of a significant amount of dollars to banks, continuing the repo and liquidity support facilities for banks, extending refinance facilities to neutralize the tight liquidity condition, discouraging imports of luxury and non-essential commodities by enhancing the requirements of LC margins, instructing the banks to reduce their operating expenses and enhancing the facilities to improve the export receipts and inward remittances, and engaging with concerned commercial banks to deal with NPL and good governance issues.

২০২২ সালের শেষ দিকে ব্যাংকিং খাতে মোট ঋণের বিপরীতে খেলাপি ঋণের হার ছিল ৮.১৬%, যা ২০২১ সালে একই সময়ে ছিল ৭.৯৩%। এই বিপুল পরিমাণ মন্দ ঋণ অর্থনীতিতে ঋণপ্রবাহ এবং বেসরকারি খাতের প্রবৃদ্ধিকে বাধাগ্রস্থ করেছে। ২০২২ সালের শেষের দিকে ব্যাংকিং খাতে ঋণ প্রদানে প্রবৃদ্ধি ছিল ১৪.১%, যেখানে আমানত প্রবৃদ্ধি ছিল মাত্র ৫.৬%। যা মূলতঃ উচ্চ মুদ্রাস্ফীতির চাপের ফলে উদ্ভূত দুর্বল সঞ্চয়কে প্রতিফলিত করে। ফলে, ২০২২ সালের শেষ দিকে সার্বিক ঋণ-আমানত হার (ADR – Advance Deposit Ratio) ছিল ৭৯.০০%, যা ২০২১ সালে শেষ দিকে ছিল ৭৩.১৫%। ব্যাংকিং সেক্টরে তারল্য নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংক, ইসলামী ব্যাংকসহ সব ব্যাংকের জন্য বেশ কিছু সহায়ক কার্যক্রম গ্রহণ করে।

## ব্যাসেল বাস্তবায়ন ঃ

ব্যাসেলের লক্ষ্য হলো ঋণের উপর থেকে ঝুঁকি কমানো এবং মূলধন কাঠামোকে শক্তিশালী করা। ১৯৮৮ সালে ব্যাংকিং কার্যক্রম তদারকির উপর সুইজারল্যান্ডভিত্তিক ব্যাসেল কমিটি (BCBS) Basel Accord এর প্রথম সংস্করণ চালু করে, যার মধ্যে বেশ কিছু তদারকি নির্দেশনা রয়েছে। এগুলো সাধারণত নিয়ন্ত্রক কর্তৃপক্ষ ব্যাংকসমূহের উপর প্রয়োগ করে থাকে।

বাংলাদেশ ২০২০ সালের জানুয়ারি মাস থেকে ১২.৫% capital adequacy ratio (CRAR) বজায় রেখে ব্যাসেল-৩ পরিপূর্ণভাবে বাস্তবায়ন করছে। এর মধ্যে রয়েছে নিম্নতম মোট ১০% মূলধন অনুপাত এবং ২.৫% অতিরিক্ত মূলধন সংরক্ষণ।

## এক নজরে এনবিএল ঃ

সমাজের প্রতি নিজের দায়িত্ববোধের কথা মনে রেখে ন্যাশনাল ব্যাংক লিমিটেড বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসহ সর্বত্র বিদ্যমান শাখা, উপশাখা এবং এটিএম বুথসমূহের মাধ্যমে দক্ষতার সাথে ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। বর্তমানে ২২১টি শাখাসহ ব্যাংকটির রয়েছে মজবুত বাজার ব্যবস্থাপনা। প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক ৩৪টি উপ-শাখা খুলেছে। পাশাপাশি, ন্যাশনাল ব্যাংক স্থানীয় উদ্যোক্তা এবং বিদেশী বিনিয়োগকারীদের জন্য অফশোর ব্যাংকিং সেবা (Offshore Banking Unit- OBU) চালু করেছে। বিদেশে কর্মরত বাংলাদেশী এবং দেশে বসবাসরত তাদের সুবিধাভোগীদের কথা বিবেচনা করে এবং বিভিন্ন ব্যাংকিং চাহিদা সহজ করার লক্ষ্যে ব্যাংকটি ক্রমান্বয়ে বিশ্বব্যাপী তার সম্পৃক্ততা সম্প্রসারণ করেছে। বিশ্বব্যাপী ব্যাংকিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে ন্যাশনাল ব্যাংক ৫৬টি দেশের ৪২৫টি ব্যাংক ও বিদেশী করেসপনডেন্টের সাথে Relationship Management Application (RMA) প্রতিষ্ঠা করেছে। অধিকন্তু, প্রবাসী বাংলাদেশিদের অর্জিত অর্থ দেশে পাঠানোর প্রক্রিয়াকে আরো সহজতর করার লক্ষ্যে এনবিএল বিশ্বজুড়ে ৩৪টি ড্রয়িং এরেঞ্জমেন্ট স্থাপন করেছে।

## তথ্য প্রযুক্তি ঃ

সারা বিশ্বে ব্যাংকসমূহ তাদের ব্যাংকিং কার্যক্রমকে সহজতর করা এবং প্রযুক্তি ব্যবহারকারীদের অধিকতর সুযোগ দেয়ার লক্ষ্যে নতুন নতুন প্রযুক্তির সুবিধা গ্রহণ করছে। ব্যাংকিং কার্যক্রমে প্রযুক্তিগত পরিবর্তনগুলোকে গ্রহণ ও নতুন প্রযুক্তির উদ্ভাবন ব্যাংক এবং গ্রাহক উভয়ের জন্যই সুবিধাজনক।

ব্যাংকিং সেবা পরিপালনের বিচারে আধুনিক, নির্ভরযোগ্য ও পরিক্ষীত প্রযুক্তির মাধ্যমে ন্যাশনাল ব্যাংককে একটি দক্ষ ব্যাংক হিসেবে গড়ে তোলার জন্য আমাদের তথ্য প্রযুক্তি বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। পরিবর্তিত প্রযুক্তির সাথে তাল মিলিয়ে চলা ও গ্রাহকদেরকে আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক তার দৈনন্দিন কার্যক্রমে বিশ্বব্যাপী প্রচলিত 'Temenos Transact ' সফটওয়্যার চালু করেছে।

The ratio of gross NPL to total loans in the banking industry stood at 8.16% at the end of 2022 compared to 7.93% at year-end 2021. This huge pileup of bad loans may choke the credit supply of the economy with due repercussions on the resilience of the private sector. Banking sector loans experienced a moderate growth of 14.1% (y-o-y) at the end of 2022 whereas deposit growth was only 5.6% (y-o-y) reflecting weaker savings due to high inflationary pressure. Consequently, the overall advance-deposit ratio (ADR) rose to 79.00% at year-end 2022 from 73.15% at year-end 2021. To ensure adequate liquidity in the banking system, Bangladesh Bank took several supportive measures for both conventional and Islami banks.

## Basel Implementation:

The goal of Basel implementation was to minimize the risk from loans and strengthen bank's capital framework. Switzerland-based Basel Committee on Bank Supervision (BCBS) introduced the first edition of Basel Accord in 1988 which indicates supervisory guidelines that regulator authorities impose on both wholesale and retail banks.

Bangladesh has fully implemented Basel III from January 2020 with maintaining capital adequacy ratio (CRAR) 12.50 per cent. This includes 10 per cent minimum total capital ratio and 2.50 per cent capital conservation buffer.

## Overview of NBL

NBL is providing banking services with excellence through its branch, sub-branch & ATM networks located all over the country, covering even the neglected remote rural areas, keeping in mind its responsibilities to the society. Presently the Bank has a strong market-base with total 221 branches. The Bank has also 34 sub-branches for extending banking services at root level. Alongside, NBL is extending banking services through Off-shore Banking Unit (OBU) to foreign investors and local entrepreneurs. The Bank has been gradually building up extensive global connections to ease different commercial banking needs and also to facilitate the wage-earners and beneficiaries of homebound foreign remittances. In making global banking transactions the Bank established Relationship Management Application (RMA) with 425 banks and foreign correspondents in 56 countries. Furthermore, the Bank currently has 34 remittance drawing arrangements with countries around the world to facilitate Bangladeshi expatriates for their home-bound remittances.

## Information Technology (IT)

Banks around the world are taking advantage of new technologies to streamline their operations and give their users a better experience. Adaptation of technological changes and innovation in banking benefits both bank and customers.

National Bank IT Division is playing an integral role with a vision to make the bank more efficient bank in terms of service, quality and compliance with the application of modern, reliable and customer friendly technology. NBL has implemented global leading core banking solution 'Temenos Transact' to keep pace with face changing technology and rendering modern services.

ন্যাশনাল ব্যাংক তার তথ্যসমূহ সুরক্ষার জন্য সাইবার নিরাপত্তাকে শক্তিশালী করেছে। অতি আধুনিক প্রযুক্তির সাথে সমন্বয় করে ব্যাংক তার নেটওয়ার্ক কাঠামোকে নিয়ন্ত্রণ করার জন্য কঠোর নীতি গ্রহণ করেছে। ব্যাংক তার কার্যক্রমে তথ্য প্রযুক্তির মানসম্মত নিরাপত্তা রক্ষার স্বীকৃতিস্বরূপ ISO/IEC 27001 সনদপত্র লাভ করেছে।

উন্নয়নশীল অর্থনীতিতে রেমিটেন্স ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আমাদের নিজস্ব উদ্ভাবিত সফটওয়্যার 'এনবিএল কুইক পে' বিদেশস্থ সাবসিডিয়ারি প্রতিষ্ঠানগুলো থেকে প্রেরিত অর্থ সহজ ও দ্রুততম উপায়ে গ্রাহকের হাতে পৌঁছে দেয়ার জন্য বিশেষ গুণসম্পন্ন সেবা ও বৈশিষ্ট্য প্রয়োগ করছে।

ডিজিটাল ব্যাংকিং গ্রাহকদেরকে বিভিন্ন নিরাপদ ডিজিটাল উপায়ে লেনদেন করার সুযোগ দিচ্ছে। এনবিএল তার সম্মানিত গ্রাহকদের জন্য Android, iOS এবং Web এর পাশাপাশি সম্পূর্ণরূপে শক্তিশালী সফটওয়ার "NBLiPower" চালু করেছে। যা সপ্তাহের সাত দিন চব্বিশ ঘণ্টা গ্রাহকদেরকে সহজভাবে এবং সুবিধাজনক উপায়ে তাদের ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করার সুযোগ দিচ্ছে।

অনলাইনে গ্রাহকদের তথ্য (KYC) যাচাই কার্যক্রম চালু হওয়ার ফলে গ্রাহকদের ব্যাংকিং কার্যক্রম সহজতর ও উন্নততর হয়েছে। ভ্যাট, ট্যাক্স, সরকারি বিভিন্ন ফি'র জমাদান কার্যক্রমকে দ্রুত ও নিরাপদ করার লক্ষ্যে স্বয়ংক্রিয় চালান পদ্ধতি চালু হয়েছে। ডিজিটাল পেমেন্ট পদ্ধতির প্রতি গ্রাহকদের আগ্রহ বৃদ্ধির দিকটি বিবেচনায় রেখে তাদেরকে বেশি বেশি ও সহজভাবে ইন্টারনেট ব্যাংকিং ও এটিএম নেটওয়ার্ক ব্যবহারে উৎসাহিত করার জন্য ব্যাংক তার সেবা প্রদানের বিভিন্ন উপায়গুলোকে শক্তিশালী করছে।

## পুরস্কার ও স্বীকৃতি ঃ

জাতীয় অর্থনীতিতে সক্রিয় অবদানকারী হিসেবে ন্যাশনাল ব্যাংক লিমিটেড তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এর পুরস্কারস্বরূপ ন্যাশনাল ব্যাংক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ব্যাংকিং খাতে সর্বোচ্চ কর প্রদানকারী প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করেছে। এছাড়াও ন্যাশনাল ব্যাংক ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য বিভিন্নসময়ে পুরস্কৃত হয়েছে। আর্থিক তথ্যের কাঠামোগত স্বীকৃতি, সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনা, বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা, কর্পোরেট সুশাসন, মানব সম্পদ ব্যবস্থাপনা এবং সামাজিক দায়বদ্ধতার কারণে ন্যাশনাল ব্যাংক ICMAB (Institute of Cost and Management Accounts of Bangladesh) এর কাছ থেকে শ্রেষ্ঠ কর্পোরেট পুরস্কার এবং বিভিন্ন বছর শ্রেষ্ঠ প্রকাশিত হিসাব বিবরণীর জন্য ICAB (Institute of Chartered Accounts of Bangladesh) এর কাছ থেকে শ্রেষ্ঠত্ব সনদ অর্জন করেছে। এসব কিছু এই সাক্ষ্য দেয় যে, আমরা বিনিয়োগকারী ও শেয়ার মালিকদের সকল তথ্য প্রকাশের ক্ষেত্রে সচেতন, যার ফলে বিবেচিত সিদ্ধান্ত নেয়া সহজ হয়।

## ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

ঝুঁকি গ্রহণ অর্থনৈতিক নীতিমালা এবং ব্যাংকিং ব্যবসায়ের একটি অবিচ্ছেদ্য অংশ। ঝুঁকি পরিমাপ এবং নিয়ন্ত্রণে ব্যর্থতা যে কোনো আর্থিক প্রতিষ্ঠানকে বিপদের সম্মুখীন করতে পারে এবং সর্বোপরি সমগ্র আর্থিক ব্যবস্থার স্থিতিস্থাপকতাকে প্রভাবিত করতে পারে।

যথোপযুক্ত কৌশল এবং ঝুঁকি সহনীয় স্তর নির্ধারণ, দক্ষ ঝুঁকি ব্যবস্থাপনা এবং যথোপযুক্ত কর্তৃপক্ষের নিকট রিপোর্ট প্রদান ইত্যাদি বিষয়গুলো ব্যাংক ব্যবস্থাপনাকে জেনে-বোঝে ঝুঁকি গ্রহণ সহায়তা করে। ব্যাংকের সকল ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা অভ্যন্তরীণ সুশাসনের একটি অংশ। কর্পোরেট সুশাসন এবং সুষ্ঠ ঝুঁকি ব্যবস্থাপনার মধ্যে দৃঢ় যোগাযোগ রয়েছে। উপযুক্ত ঝুঁকি ব্যবস্থাপনা ছাড়া ব্যাংকিং প্রতিষ্ঠানের লক্ষ্য পূরণে বিভিন্ন দিকগুলো একত্রে কাজ করতে পারে না। কোনো কিছু তৈরি এবং এর উন্নতির ধারাবাহিকতা ও স্থিতিস্থাপকতা ধরে রাখা ব্যাংককে সহযোগিতা করার একটি গুরুত্বপূর্ণ অংশ।

National Bank has strengthened its cyber security to protect Bank's data effectively. Strict policies are in place to manage network infrastructure with cutting edge technologies. NBL has achieved ISO/IEC 27001 certification as recognition of maintaining international IT security standard in its operation.

Remittances play an increasingly large role in the economies of developing countries. "NBL Quick Pay" patented in–house developed software provides high quality features and functionalities for its all fully owned overseas subsidiaries in different countries for remittance channeling with faster delivery of services.

Digital banking enables customers to transact through different secured digital channels. NBL brings completely enhanced Apps Banking experience "NBLiPower" for its valuable customers compatible with various platforms such as Android, iOS and Web. It allows our customers to manage banking operations easily and conveniently at any time, 24/7, 365 days a year.

Customer Digital on-boarding has simplified and improved by bringing the KYC process online. Automated Challan System has been introduced for fast and secure deposit of VAT, Tax, Govt. fees etc. Considering growing consumer interest in digital payments, Bank is strengthening its digital delivery channels to encourage customers to use Internet Banking and ATM network frequently and easily.

## Awards & Recognitions

National Bank is performing in society as an active contributor to National Economy. In recognition to that National Bank has been awarded by National Board of Revenue (NBR) as one of the highest tax payers under Banking Industry. NBL has also been rewarded on several occasions for its transparency and accountability in providing banking services. In recognition of framework of financial Information, Core Risk Management, Annual Report Review, Corporate Governance, Human Resource Management and Corporate Social Responsibility, NBL won the Best Corporate Award from the Institute of Cost & Management Accountants of Bangladesh (ICMAB) and Certificate of Merit from The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) for best published accounts and reports in different years. All these testify that we always care about disclosing all relevant information to investors and shareholders with clarity for making prudent decisions.

## Risk Management

Taking risk is an integral part of financial intermediation and banking business. Failure to assess and manage risks adequately may lead to losses endangering the soundness of individual financial institutions and affecting the stability of the overall financial system.

The setting of an appropriate strategy and risk tolerance/appetite levels, a wholistic risk management approach and effective reporting lines to the competent authority in its management and supervisory functions, enables management of bank to take risks knowingly and treat risks where appropriate. Risk management is a part of internal governance involving all areas of banks. There is a strong link between good corporate governance and sound risk management. Without proper risk management, the various functions in a banking institution cannot work together to achieve the bank's objectives. It is an essential part of helping the bank to grow and promote sustainability and resilience.

ব্যাংকিং কার্যক্রমে ঝুঁকি ব্যবস্থাপনায় ঝুঁকি চিহ্নিতকরণ, ঝুঁকির পরিমাপ এবং মূল্যায়ন অন্তর্ভুক্ত করে থাকে, যার উদ্দেশ্য হচ্ছে নেতিবাচক প্রভাব যথাসম্ভব কমিয়ে আনা। এজন্য এনবিএলের প্রয়োজন ঝুঁকি ব্যবস্থাপনার জন্য একটি বিশেষ প্রাতিষ্ঠানিক ইউনিট গঠন করা। তাছাড়াও এনবিএলের প্রয়োজন ঝুঁকি চিহ্নিতকরণ, পরিমাপ ও মূল্যায়ন করা, একইসাথে ঝুঁকি ব্যবস্থাপনার নীতিমালাসমূহ প্রতিষ্ঠা করা।

ন্যাশনাল ব্যাংক লিমিটেডের মূলধন ব্যবস্থাপনার মূল লক্ষ্য হচ্ছে ব্যবসায়িক উন্নতিকে সহায়তা করার জন্য, সার্বক্ষণিক মূলধনের প্রয়োজনীয়তা মিটানোর জন্য এবং মানসম্মত ক্রেডিট রেটিং বজায় রাখার জন্য একটি মজবুত মূলধনের ভিত্তি তৈরি করা। আট বছরের পরিকল্পনাকে সামনে রেখে ব্যাংকের কৌশলভিত্তিক ব্যবসা এবং মূলধনের পরিকল্পনা করা হয় এবং পরিচালনা পর্ষদ থেকে অনুমোদন নেয়া হয়। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য মূলধনের পর্যাপ্ত স্তর এবং নিজের কৌশলকে সমর্থনকারী মূলধনের বিভিন্ন উপাদানের সর্বোচ্চ সংশ্লেষ নিশ্চিত করে।

ন্যাশনাল ব্যাংক লিমিটেড বস্তুগত ঝুঁকির জন্য প্রয়োজনীয় মূলধনের পরিমাণ নির্ধারণ করার লক্ষ্যে একটি মূলধন কাঠামো ব্যবহার করে থাকে এর অভ্যন্তরীণ মূলধনের প্রাচুর্যতাকে সমর্থন দিয়ে থাকে। প্রতিটি বস্তুগত ঝুঁকি পরিমাপ করা হয়, কমানো হয় এবং মূলধনের যথোপযুক্ত স্তর নির্ধারণ করা হয়। মূলধন কাঠামো হচ্ছে ব্যাংক ব্যবস্থাপনায় শৃঙ্খলার মূল চাবিকাঠি।

ব্যাসেল কমিটি ব্যাংকিং কার্যক্রম তদারকিকরনে ব্যাসেল - ৩ গাইডলাইন চালু করেছে, এটা International Convergence of Capital Measurment and Capital Standard এর ফ্রেমওয়ার্ক (যেটাকে সাধারণভাবে ব্যাসেল - ২ নামে অভিহিত করা হয়), যা ব্যাসেল - ২ কে প্রতিস্থাপিত করেছে। তিনটি মূল স্তম্ভ নিয়ে ব্যাসেল - ৩ গঠিত। মূলধন পর্যাপ্ততা, ব্যবস্থাপনার জন্য বাংলাদেশ ব্যাংক ব্যাসেল - ৩ এর গাইডলাইনসের আলোকে একটি নিয়ন্ত্রণকারী অবকাঠামো দিয়েছে।

বাংলাদেশ ব্যাংকের চাহিদার সাথে সামঞ্জস্যতা বিধানের জন্য ন্যাশনাল ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০০৯ সালে ঝুঁকিভিত্তিক মূলধনের প্রাচুর্যতার একটি গাইডলাইনস অনুমোদন করেছে। এটা জানুয়ারি ২০১০ সাল থেকে কার্যকর হয়েছে। ন্যূনতম মূলধনের প্রয়োজনীয়তা হিসাবায়নে ব্যাংক গাইড লাইনে বর্ণিত নিয়ম অনুসরন করে থাকে।

Risk management in bank operations includes risk identification, measurement and assessment, and its objective is to minimize negative effects risks can have on the financial result and capital of a bank. NBL is therefore required to form a special organizational unit for risk management.

NBL's capital management approach is driven by its desire to maintain a strong capital base to support the development of its business, to meet regulatory capital requirements at all times and to maintain good credit ratings. Strategic business and capital plans are drawn up to cover an eight years horizon and approved by the board. The plan ensures that adequate levels of capital and an optimum mix of the different components of capital are maintained by the Bank to support the strategy.

National Bank Ltd uses a capital model to assess the capital demand for material risks, and support its internal capital adequacy assessment. Each material risk is assessed, relevant mitigates are considered and appropriate levels of capital are determined. The capital model is a key part of the Bank's management disciplines.

The Basel Committee on Banking Supervision published Basel III, a framework for the International Convergence of Capital Measurement and Capital Standards (commonly referred to as 'Basel II'), which replaced Basel II Accord. Basel III is structured around three 'pillars': Bangladesh Bank has given a regulatory framework for capital adequacy management and has formulated a guideline under Basel-III framework.

In order to comply with the Bangladesh Bank's requirement, NBL's Board of Directors approved a policy on Risk Based Capital Adequacy for National Bank Limited in December, 2009, which become effective since January, 2010.The Bank adopted the approaches as mentioned in the guide line to calculate Capital to Risk Weighted Assets Ratio (CRAR) under pillar-I.



## গ্রীণ ব্যাংকিং ঃ

আমরা অবগত আছি যে, বৈশ্বিক উষ্ণতা এমন একটি ইস্যু যা বৈশ্বিক মনযোগের কেন্দ্রবিন্দু। জলবায়ুর দ্রুত পরিবর্তন জীববৈচিত্র্য, কৃষি, বনায়ন, শুষ্ক ভূমি, পানির উৎস এবং জনস্বাস্থ্যের উপর সরাসরি প্রভাব থাকায় বহু বাস্তুসংস্থান ব্যবস্থাকে যথাযথভাবে খাপখাওয়ানো চ্যালেঞ্জিং হচ্ছে। অনিয়মিত আবহাওয়া, গ্রীণ হাউজ গ্যাস বৃদ্ধি, বাতাসের গুণাগুণ হ্রাস পাওয়া ইত্যাদি থেকে এই গ্রহকে নিরাপদ রাখার জন্য ব্যবসায় খাতও দায়িত্ব গ্রহণ করবে। গ্রীণ ব্যাংকিংয়ের অংশ হিসেবে সবুজে অর্থায়ন সম্পদ-দক্ষতা এবং ক্ষুদ্র শিল্প যেমন সাধারণভাবে সবুজ শিল্প ও সবুজ অর্থনীতি পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। গ্রীণ ব্যাংকিং হচ্ছে পরিবেশ রক্ষার লক্ষ্যে একদল বৈশ্বিক ঝুঁকিবহনকারীর গৃহীত উদ্যোগ। বাংলাদেশের পরিবেশ খুব দ্রুত পরিবর্তন হচ্ছে। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনে সবচেয়ে ঝুঁকিপূর্ণ একটি দেশ। বৈশ্বিক উন্নতি এবং পরিবেশগত অবনতির মোকাবেলা করতে বাংলাদেশের আর্থিক খাত একটি অন্যতম চালিকাশক্তি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ন্যাশনাল ব্যাংক বাংলাদেশ ব্যাংকের গাইডলাইনস অনুসারে গ্রীণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে একটি গ্রীণ ব্যাংকিং ইউনিট, একটি গ্রীণ ব্যাংকিং নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন করেছে। ব্যাংকের একটি সুনির্দিষ্ট নীতিমালা এবং একটি সবুজ কৌশল পরিকল্পনা শীঘ্রই কার্যকর হচ্ছে। এ উদ্দেশ্যে ব্যাংক অভ্যন্তরীণ পরিবেশগত উন্নয়ন ও গ্রীণ ব্যাংকিং কার্যক্রম তরান্বিত করার উদ্দেশ্যে কর্মচারিদের প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য ইতোমধ্যে অর্থ বিনিয়োগ করেছে। গ্রীণ ব্যাংকিংয়ের সার্বিক পরিকল্পনার অংশ হিসেবে ন্যাশনাল ব্যাংক পরিবেশবান্ধব প্রকল্পসমূহে অর্থায়নের মাধ্যমে গ্রীণ ফাইন্যান্স এর সুযোগ সৃষ্টি করেছে। গ্রাহকদের জন্য প্রচলিত পেমেন্টের বিভিন্ন পদ্ধতিগুলোকে আরো বিস্তৃত করার লক্ষ্যে সবুজে অর্থায়ন, অনলাইন ব্যাংকিং, এসএমএস ব্যাংকিং এবং ডেবিট কার্ডের মাধ্যমে কার্যক্রম শুরু করেছে।

## Green Banking

We are aware that global warming is an issue that calls for a concerted global response. The rapid change in climate will be too great to allow many eco-systems to suitably adapt, since the change have direct impact on biodiversity, agriculture, forestry, dry land, water resources and human health. Due to unusual weather pattern, rising greenhouse gas, declining air quality etc. society demands that business also take responsibility in safeguarding the planet. Green finance as a part of Green Banking makes great contribution to the transition to resource-efficient and low carbon industries i.e. green industry and green economy in general. Green banking is a component of the global initiative by a group of stakeholders to save environment. The state of environment in Bangladesh is rapidly deteriorating. Bangladesh is one of the most vulnerable countries to climate change. In line with global development and response to the environmental degradation, financial sector in Bangladesh should play important roles as one of the key stake holders.

Accordingly, NBL has adopted comprehensive Green Banking policy in accordance with Bangladesh Bank guidelines. Green Banking Unit has already been formed with the responsibility of designing, evaluating and administering Green Banking issues. A bank specific green banking policy and a green strategic plan are in place. The bank invests in in-house environmental management, provides training to employees continuously as part of accelerating bank's green initiatives. National Bank Limited has also introduced green finance to support environmental friendly projects. Online banking, SMS banking and the debit card are already in place to broaden the payment options for customers.



## ঋণ প্রশাসন ঃ

ঋণ প্রশাসন ব্যাংকের ঝুঁকিপূর্ণ সম্পত্তির সঠিক, ব্যাপকতর এবং সময়োচিত তত্ত্বাবধান নিশ্চিত করে। এই বিভাগ সিকিউরিটি ডকুমেন্টস চেক লিস্ট (SDC) ও অন্যান্য গুরুত্বপূর্ণ নথিসমূহ, যেগুলো ঋণ প্রদানের ঝুঁকি ও শর্তের মধ্যে থাকে, শাখাসমূহের নিকট থেকে সেগুলো পরিপালনে নিশ্চয়তা পাওয়া স্বাপেক্ষে মঞ্জুরিকৃত বা মেয়াদ বর্ধিত ঋণ যথাযথ ও সঠিকভাবে উত্তোলনের অনুমোদন প্রদান করে থাকে। ঋণ প্রশাসন বিভাগ ধারাবাহিকভাবে ঋণ সমূহের লেনদেন তদারকি করে থাকে ও ঝুঁকিভিত্তিক সম্পদের আরলি এ্যালার্ট তদারকি করে থাকে। এছাড়া যথাসময়ে ঋণ নবায়ন, ঋণসীমা নিয়ন্ত্রণ, বিভিন্ন মেয়াদী যেমন ঃ মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক ঋণ বিবরণী প্রধান কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকে সময়মতো পাঠানো হয়েছে কিনা তা তদারকি করে। ঋগস ও ঋঋ ঋণ হ্রাসকরণে কার্যকর ভূমিকা পালন করে থাকে। তাছাড়া সার্বক্ষণিক নজরদারির মাধ্যমে ঋণ গ্রহীতাদের খেলাপী হবার প্রবণতা রোধ করে ঋণের গুণগত মান বজায় রাখে। ফলে ঋণ প্রদানের স্বাভাবিক লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত থাকে, যা ব্যাংকের মুনাফা বৃদ্ধিতে সহায়তা করে। ঋণ প্রশাসন বিভাগের মধ্যে ব্যাংকে সমন্বিত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি (Integrated Supervision System - ISS) নামে একটি নতুন সেল গঠন করা হয়েছে। এই বিভাগের কাজ হচ্ছে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সুনির্দিষ্ট ফরম্যাট অনুযায়ী শাখাসমূহের নিকট থেকে তথ্য সংগ্রহ করা এবং মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সেগুলো বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা। এই সমস্ত তথ্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ঋণ সংক্রান্ত যে কোনো বিষয়ে যথাযথ সিদ্ধান্ত নিতে সহায়তা করে থাকে। এছাড়া ঋণ প্রশাসন বিভাগে সিআইবি (Credit Information Bureau- CIB) ইউনিট রয়েছে, যা ঋণ গ্রহীতাদের সমস্ত তথ্য সংগ্রহ করে শাখাসমূহকে সরবরাহ করে থাকে। ঋণ শ্রেণীবিন্যাস (Classified) ও প্রভিশনিং (CL) বিভাগ শাখা থেকে নির্ধারিত ফরম্যাটে মাসিক ভিত্তিতে বিবরণী সংগ্রহ করে এগুলো বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে শ্রেণীবিন্যাসিত ঋণের এমআইএস (MIS) রিপোর্ট তৈরি করে। এসব কার্যাবলী ছাড়াও গত বছর থেকে সার্ভেয়ার কোম্পানি তালিকাভুক্ত করা/মেয়াদ বৃদ্ধিকরণ কিংবা মেয়াদশেষে তালিকা থেকে অব্যাহতি দেয়ার কাজও ঋণ প্রশাসন বিভাগ করছে।

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ঃ

ব্যাংকের লক্ষ্য অর্জনের জন্য একটি সুসংহত নিয়ন্ত্রণ ব্যবস্থা পরিচালনা, আর্থিক প্রতিবেদনের বিশুদ্ধতা ও যথার্থতা, প্রচলিত আইনের সাথে সামঞ্জস্যতা, বিধি-বিধান ও অভ্যন্তরীণ নীতিসমূহ এবং ব্যাংকের সম্পদ তথা গ্রাহকদের বিনিয়োগের সুরক্ষার ব্যাপারে ব্যাংক পরিচালনা পরিষদ তার সার্বিক দায়িত্ব সম্পর্কে ওয়াকিবহাল আছে।

একটি সুষ্ঠু ও কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা, ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ, পরিমাপ ও পরিবীক্ষণ করার মাধ্যমে অভ্যন্তরীণ ও বাহ্যিক ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করে থাকে। এ লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক যথাযথ নিয়ন্ত্রণ কাঠামো ও প্রক্রিয়ার উন্নয়নে বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রণ সংস্থার প্রদত্ত নীতি-নির্দেশনা যথাযথভাবে পরিপালন করেছে। এ সকল প্রক্রিয়ার কার্যকারিতা ও বাস্তবায়নের পর্যায়ে পরিচালনা পর্ষদ, নিরীক্ষা কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি তা নিয়মিতভাবে পর্যালোচনা করে থাকে।

## Credit Administration

Credit Administration Division (CAD) ensures proper, extensive and timely monitoring of risk assets of the Bank and on time disbursement and setting account limit of sanctioned/enhanced loans and advances on receipt of confirmation of documentation completion as per sanction terms and conditions from branches stipulated by Credit Risk Management Divisions through Security Documentation Checklist (SDC) and copies of important documents. Credit Administration Division constantly monitors loan portfolio performance and supervises the early alert signals of the risk assets, timely renewal of limits, control of credit limits, sample basis surprise verification of credit documentations, prepare and submission of various kinds of returns i.e., monthly quarterly/half yearly/yearly statements to Bangladesh Bank as well as our Top Management.CAD ensures every possible means to reduce SMA & SS portfolio of loans & advances. Due to constant vigilance of CAD default culture of borrowers has substantially reduced resulting of which asset retains its potential yield and ultimately enhances profit of the Bank. Besides, as per Bangladesh Bank's issued circular Integrated Supervision System (ISS) cell has been formed & incorporated with CAD. The main function of ISS is to collect some specific data from all the Branches in prescribed structure (software) provided by Bangladesh Bank and after preparation of data upload the same to the Bangladesh Bank by monthly basis through web portal. These data ensures overall financial and other information activities of the Bank which also helps in taking prudent decision. The Credit Information Bureau (CIB) unit has been included with CAD which collects all data/information of the borrowers and provides on demand CIB report to the Branches. Loan Classification and Provisioning (CL) department has also been included with Credit Administration Division. The prime function of the CL department is to collect monthly and Quarterly CL statements from Branches in a prescribed format and submit the same to the Bangladesh Bank in quarterly basis and also to prepare MIS report on non performing loans for Management. Without above noted functions, in the last year the enlistment of Surveyor Company & its renewal/de-enlistment after fixed expiry date through evaluation is also vested to CAD and that activities are running well.

## Internal Control System

The Board duly acknowledges its overall responsibility to maintain a sound control system with a view to achieving Bank's objectives in an effective and efficient manner, reliability and timeliness of financial reporting, compliance with applicable laws, regulations & internal policies and safe-guarding the Bank's assets as well as stakeholders investments.

Effective control system results in better internal and external risk management in terms of identification, measurement, monitoring and mitigation of risks that could adversely affect the achievement of Bank's goal. Keeping this in mind, an appropriate control structure and process have been developed and adopted since long in line with the policy guidelines of Bangladesh Bank and other regulatory bodies. The effectiveness and implementation status of the process are reviewed by the Risk Management Committee, Audit Committee and Board.

২০২২ সালে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ ২২১টি শাখা, ৩৩টি উপশাখা ও প্রধান কার্যালয়ের ২৭টি বিভাগ/ইউনিটের বিশেষ রুটিন পরিদর্শন সম্পন্ন করেছে। এছাড়া তারা ২৫টি শাখার উপর ঝুঁকিভিত্তিক নিরীক্ষা, ১২টি শাখার উপর বিশেষ নিরীক্ষা এবং ১৫টি শাখা ও প্রধান কার্যালয়ের ১টি বিভাগের উপর অনুসন্ধানী নীরিক্ষা পরিচালনা করেছে। তাছাড়া অফশোর ব্যাংকিং ইউনিটসহ ৪৪টি অথোরাইজড ডিলার শাখার উপর Online Foreign Exchange Transaction Monitoring System তদন্ত পরিচালনা করেছে এবং নিয়মিত নিরীক্ষার অতিরিক্ত ২২টি শাখায় AML & CFT (Anti Money Laundering & Cambating Finance for Terrorism) নিরীক্ষা পরিচালনা করেছে। এছাড়া বাংলাদেশ ব্যাংক ৪৫টি শাখায় বিশেষ তদন্ত, ৮টি শাখায় আকষ্মিক পরিদর্শন এবং ১৪টি শাখার উপর বৈদেশিক বাণিজ্য পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে। এছাড়াও তারা বাৎসরিক হিসাব ও ৬টি মূল ঝুঁকির উপর নিরীক্ষা সম্পন্ন করেছে।

একটি সুষ্ঠু ও কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা, ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ, পরিমাপ ও পরিবীক্ষণ করার মাধ্যমে অভ্যন্তরীণ ও বাহ্যিক ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করে থাকে। এ লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক যথাযথ নিয়ন্ত্রণ কাঠামো ও প্রক্রিয়ার উন্নয়নে বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রণ সংস্থার প্রদত্ত নীতি-নির্দেশনা যথাযথভাবে পরিপালন করেছে। এ সকল প্রক্রিয়ার কার্যকারিতা ও বাস্তবায়নের পর্যায়ে পরিচালনা পর্ষদ, নিরীক্ষা কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি তা নিয়মিতভাবে পর্যালোচনা করে থাকে।

এসকল কাঠামোগত প্রক্রিয়ার ফলাফল ও সুপারিশসমূহ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরিচালনা পর্ষদ, নিরীক্ষা কমিটি, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি ও উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন ও পরিবীক্ষণ করা হয়। এ সকল ব্যবস্থা ও তার কার্যক্রম প্রক্রিয়া পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাঝে সেতুবন্ধন হিসেবে কাজ করে এবং নিরাপদ, সুষ্ঠু ও সামঞ্জস্যপূর্ণ ব্যাংকিং কার্যক্রম নিশ্চিত করতে প্রহরির ভূমিকা পালন করে থাকে।

## অর্থের দুর্বৃত্তায়ন বা মানি লন্ডারিং এবং সন্ত্রাসী কাজে অর্থায়নে ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

মানি লন্ডারিং বা অর্থের দুর্বৃত্তায়নের ঝুঁকিকে ব্যাংকিং খাতের একটি প্রাথমিক গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচনা করা হয়। অর্থের দুর্বৃত্তায়ন এবং সন্ত্রাসী কাজে অর্থায়ন হচ্ছে গুরুতর অপরাধ, যা সার্বিকভাবে অর্থনীতির উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন হচ্ছে গুরুত্বপূর্ণ অপরাধ যেগুলো বিশ্বব্যাপী সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নকে বাধাগ্রস্ত করে সমগ্র অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করছে। বর্তমানে ব্যাংকিং পদ্ধতিতে স্বচ্ছতা বৃদ্ধিকরণ ও আর্থিক সততা বজায় রাখা এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি প্রয়োজন হয়ে পড়েছে। ফলশ্রুতিতে, ব্যাংক ব্যবস্থাপনায় মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধকল্পে শক্তিশালী বিধি-বিধান ও তার যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।

মানি লন্ডারিং সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি, মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়নের ঝুঁকি কমানো, বেআইনীভাবে বিদেশে অর্থ পাঠানো এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১৫ এর সংশোধনীসহ), সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ এর সংশোধনীসহ) বাস্তবায়নের লক্ষে ন্যাশনাল ব্যাংক লিমিটেড ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধের গুরুত্ব ও কর্মকর্তাদের দায়-দায়িত্ব তুলে ধরে প্রতি বছর ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয় থেকে একটি বার্তা শাখা পর্যায়ের সকল কর্মকর্তাদের বরাবরে প্রেরণ করা হয়। মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধের জন্য সাংগঠনিক কৌশল ও কর্মপরিকল্পনা তৈরি লক্ষ্যে কেন্দ্রিয় পরিপালন কমিটি (Central Compliance Committee-CCC) গঠন করা হয়েছে। মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত ও নির্দেশনা দেয়ার জন্য এই কমিটি প্রতি বছর চার বার মিটিং করে

In 2022, the Internal Control & Compliance Division (ICCD) conducted Comprehensive Routine Inspection at 221 Branches, 33 Sub-Branches and 27 Divisions/ Departments/ Units/ Local Subsidiaries at Head Office. They conducted Risk Based Inspection at 25 Branches and Special Inspection at 12 Branches, Investigation at 15 Branches & 01 Division at Head Office, Comprehensive Audit on reporting in "Online Foreign Exchange Transactions Monitoring System" at 44 Authorized Dealer (AD) Branches including Offshore Banking Units and Separate Inspection on Anti Money Laundering & Combating the Financing of Terrorism (AML & CFT) at 22 Branches in addition to regular Inspection. Bangladesh Bank carried out Comprehensive Inspection at 45 Branches, Surprise Inspection at 08 Branches and Foreign Exchange Inspection at 14 Branches. They also conducted audit on yearly accounts and Special Inspection on 06 Core Risks.

Besides the above, other key components of control structures like Risk Management Committee, Asset Liability Committee (ALCO), Management Committee (MANCOM), and Senior Management Team (SMT) are also contributing to strengthen the risk based control system in the Bank identifying the weaknesses and recommending solutions. External Auditors also review the functions of internal control system (ICS) on yearly basis.

Outcome of these structured processes with suggestions there against are properly addressed, evaluated and monitored by the Higher Management, Risk Management Committee, Audit committee and Board as per directives of regulatory authorities.

## Money Laundering and Terrorist Financing Risk Management

The risk of money laundering is considered one of the primary factors of concern within the banking industry. Money laundering and terrorist financing are grave offenses that have far-reaching consequences on the overall economy, hindering the social, economic, political, and cultural progress of societies worldwide. In the present era, the imperative for heightened transparency and financial integrity within banking systems has attained greater significance than ever before. Consequently, it becomes of utmost importance to establish robust oversight mechanisms for anti-money laundering and countering the financing of terrorism (AML/CFT).

National Bank Limited has taken various steps in order to create consciousness about prevention of Money Laundering, mitigate the risks of ML/TF, prevent the un-authorized transfer of money abroad and to implement Money Laundering Prevention Act, 2012 (with amendment of 2015) and Anti Terrorism Act, 2009 (with amendments of 2012 & 2013). Every year a message from the Managing Director's office is given to all employees of the bank reiterating the importance of AML, CFT & responsibilities of bank officials. Central Compliance Committee (CCC) has been formed to formulate organizational strategy and program to prevent money laundering & terrorist financing activities. CCC arranges meetings for at least 4 (four) times in a year to take decision and provide instructions by reviewing the overall condition of bank regarding

থাকে। এনবিএল প্রধান কার্যালয়ে প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা এবং সহকারি প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা এবং শাখা পর্যায়ে শাখা মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন নিশ্চিত করেন। বছর ভিত্তিক মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম গুলোর বাস্তব প্রয়োগ নিশ্চিত করার জন্য প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার তত্ত্বাবধানে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ গঠন করা হয়েছে। দ্রুত এবং সঠিকভাবে মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন নিশ্চিত করার জন্য প্রত্যেক শাখায় পাঁচ জন কর্মকর্তার সমন্বয়ে শাখা পরিপালন ইউনিট গঠন করা হয়েছে। ন্যাশনাল ব্যাংক আন্তর্জাতিকভাবে তালিকাভুক্ত সন্ত্রাসী ব্যক্তি, গোষ্ঠী বা প্রতিষ্ঠানের নামে অথবা অনুকূলে সংঘটিত যে কোনো অর্থনৈতিক লেনদেন প্রতিরোধ করার জন্য ইতোমধ্যে AML Sanction Screening Software ব্যবহার করছে। প্রাথমিকভাবে এসব যাচাই-বাছাই শাখা কর্তৃক সম্পন্ন হয়ে থাকে এবং ষান্মাসিক ভিত্তিতে শাখা সিসিইউ ও আইসিসি বরাবরে এসব রিপোর্ট প্রেরণ করে থাকে। শাখা থেকে পাওয়া এসব রিপোর্টের ভিত্তিতে একটি মূল রিপোর্ট তৈরি করা হয় এবং সে অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়। ব্যাংকের সকল নির্বাহী ও কর্মকর্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও সন্দেহজনক লেনদেন চিহ্নিত করতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে ডিজিটাল পদ্ধতিতে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হচ্ছে। বিএফআইইউ এর নির্দেশনা অনুসারে ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানি লন্ডারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সম্পূর্ণরূপে ও সঠিকভাবে গ্রাহকদের কেওয়াইসি সম্পাদনের জন্য ইলেকট্রনিক কেওয়াইসি (eKYC) চালু করা হয়েছে। বৈদেশিক বাণিজ্য লেনদেনে তিনটি স্তরের পুর্ণবিবেচনা পদ্ধতি চালু করা হয়েছে।

## সাব অর্ডিনেট বন্ড ঃ

২০১০ সালে বিশ্ব অর্থনীতিতে বিরূপ অবস্থার পর থেকে বিশ্ব অর্থনীতির নিয়ন্ত্রকগণ ব্যাংকের ঝুঁকি গ্রহণ ক্ষমতাকে শক্তিশালী করার ব্যাপারে অত্যন্ত সতর্ক হয়ে উঠেছে এবং ব্যাসেল - ৩ নামে অত্যন্ত কার্যকর Capital to Risk Weighted Asset Ratio (CRAR) কাঠামো চালু করেছে। ব্যাংকের মূলধন ভিত্তিকে শক্তিশালী করা এবং ব্যাসেল - ৩ এর সাথে সমন্বয় করে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে এবং টিয়ার (Tier-II) কে সমর্থন দেয়ার জন্য ন্যাশনাল ব্যাংক ইতোমধ্যে ৪,০০০.০০ মিলিয়ন টাকার সাব অর্ডিনেট বন্ড ইস্যু করেছে। ২,১৫০.০০ মিলিয়ন টাকার বন্ড প্রত্যর্পন করার পর ২০২২ সালের ডিসেম্বর মাসে ন্যাশনাল ব্যাংকের সাব অর্ডিনেট বন্ডের পরিমাণ ছিল ১,৮৫০.০০ মিলিয়ন টাকা।

## শেয়ারহোল্ডার ইকুইটি ঃ

দূরদর্শী মূলধন কাঠামো অনুযায়ী ব্যাংকের একটি সুসংহত লভ্যাংশ নীতিমালা আছে। এই নীতিমালা অনুযায়ী যখন মূলধনের ভিত শক্তিশালী করা সম্ভব হয়েছে তখন এনবিএল তার শেয়ার মালিকদের জন্য উচ্চ লভ্যাংশ ঘোষণা করেছিল। ডিসেম্বর ৩১, ২০২২ সালে ব্যাংকের শেয়ারহোল্ডারদের তহবিলের পরিমাণ ছিল ৪১,৬৬৩.৮৭ মিলিয়ন টাকা, যা স্থানীয় বেসরকারী ব্যাংকগুলোর মধ্যে সর্বোচ্চ বলে বিবেচনা করা হয়।

মিলিয়ন টাকা

| বিবরণ | ২০২২ | ২০২১ | প্রবৃদ্ধি |
|---|---|---|---|
| পরিশোধিত মূলধন | ৩২,১৯৭.৪০ | ৩২,১৯৭.৪০ | ০.০০ |
| বিধিবদ্ধ সঞ্চিতি | ১৭,২২৮.০৯ | ১৭,২২৮.০৯ | ০.০০ |
| অন্যান্য সঞ্চিতি | ৭৯৫.২৪ | ১,৬৮৮.১৫ | -৫২.৮৯% |
| সংরক্ষিত মুনাফা | (৮,৫৫৬.৮৬) | ৮২৯.৯১ | -১১৩১.০৬% |
| মোট | ৪১,৬৬৩.৮৭ | ৫১,৯৪৩.৫৫ | -১৯.৭৯% |

AML/CFT compliance. A designated Chief Anti Money Laundering Compliance Officer (in the rank of Deputy Managing Director) and a Deputy Chief Anti Money Laundering Compliance Officer at Head Office and Branch Anti Money Laundering Compliance Officers at branch level ensure the AML/CFT compliance. Anti Money Laundering Division (AMLD) has been established to ensure the implementation of the yearly AML/CFT programs under supervision of CCC. Branch compliance unit (BCU) has been created in each branch consisting of five (5) members for ensuring prompt and accurate compliance related to AML/CFT. AML Sanction Screening Software is being used for preventing any sort of financial relation establishment or transitions with or in favor of the sanctioned terrorist individual, group or entities. Self assessment is done by the branches and submitted to Anti Money Laundering Division (AMLD) and Internal Control and Compliance Division (ICCD) on half yearly basis. Training programs are being arranged for all categories of officers and executives to create awareness for preventing money laundering & terrorist financing and develop skills to identify suspicious activities. Special training has also been given to BAMLCO for improving knowledge about AML/CFT and learning the way of compliance according to the guidelines of BFIU. eKYC has been implemented for ensuring complete and accurate KYC of the customer. Three level review system has been implemented for foreign trade transactions.

## Subordinated Bond

After global economic turmoil in 2010, the global financial regulators are more concerned to enhance risk resilience capacity of the banks and introduced more risk sensitive capital adequacy framework namely Basel III. With the view to strengthen capital base of the bank and subsequently to meet up the capital adequacy ratio as per Bangladesh Bank's instruction in line with BASEL-III Accord, and to support the Tier-II capital NBL has issued Subordinated Bond of BDT 4,000.00 million. After redemption of BDT 2,150.00 million, outstanding amount of Subordinated Bond stood at BDT 1,850.00 million as on December 2022.

## Shareholders' equity

In accordance with the prudent capital structure plan, the Bank has a consistent dividend policy. In this direction NBL declared high stock dividend as and when possible to strengthen the capital base. The Bank was able to build up shareholders' funds of BDT 41,663.87 million as at 31 December 2022, which is considered to be the highest among local private Banks.

Taka in million

| Particulars | 2022 | 2021 | Growth |
|---|---|---|---|
| Paid-up Capital | 32,197.40 | 32,197.40 | 0.00 |
| Statutory Reserve | 17,228.09 | 17,228.09 | 0.00 |
| Other Reserve | 795.24 | 1,688.15 | -52.89% |
| Retained Earnings | (8,556.86) | 829.91 | -1131.06% |
| Total | 41,663.87 | 51,943.55 | -19.79% |

## ক্রেডিট রেটিং ঃ

ইমার্জিং ক্রেডিট রেটিং লিমিটেড (Emerging Credit Rating Limited -ECRL) ৩১ ডিসেম্বর, ২০২২ সালের জন্য দীর্ঘমেয়াদী ভিত্তিতে ন্যাশনাল ব্যাংকের ক্রেডিট রেটিং করেছে A- (উচ্চারণ হবে এ মাইনাস) এবং স্বল্পমেয়াদী ভিত্তিতে ক্রেডিট রেটিং করেছে ST-2। এই রেটিং ২০২৪ সালের ১৩ জুলাই পর্যন্ত বলবৎ থাকবে। এই রেটিং স্থিতিস্থাপক। এই রেটিংয়ের মাধ্যমে ব্যাংকের মজবুত অবস্থান প্রতিফলিত হয়েছে যাহা শক্তিশালী ব্যবস্থাপনা টিম, সুদবিহীন আয়ের প্রবৃদ্ধি, আমানত এবং বিনিয়োগ, উচ্চতর টিয়ার-১ দ্বারা মূলধন গঠন, সম্পদের মান উন্নয়ন এবং সুনিয়ন্ত্রিত তারল্যের অবস্থান দ্বারা নির্ণয় করা হয়েছে।




## ব্যবসায়ের আয়তন ঃ

নন-ফান্ডেড ব্যবসায়কে প্রাধান্য দিয়ে নিম্ন সুদ ও সুদবিহীন আমানত সংগ্রহের মাধ্যমে ব্যাংক সামঞ্জস্যপূর্ণ ব্যবসায় প্রবৃদ্ধি ধরে রাখতে সক্ষম হয়েছে। বছরব্যাপী অনুকূল চলতি ও সঞ্চয়ী হিসাবের অনুপাত (CASA Ratio) এর উপর গুরুত্ব আরোপ করেছি। ফলে এই অনুপাত আলোচ্য বছরে ২৩.০৭% এ উন্নীত হয়, যা আগের বছরে ছিল ২১.৫৪%।

আলোচ্য বছরে ব্যাংক তার ফান্ডেড ব্যবসায়কে সীমিত করেছে এবং ঋণ আদায়কে ত্বরান্বিত করেছে। ফলে চলতি বছরে ঋণের পরিমাণ দাঁড়ায় পূর্ববর্তী বছরের ৪৪৫,২৮৭.৭১ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ৪২৫,০৬৫.৫৫ টাকায়। কমিশন এবং ফি থেকে আহরিত আয় বৃদ্ধি পেয়ে ১,৭০৭.০৪ টাকা হয়েছে, যেখানে বিনিয়োগ আয় বৃদ্ধি পেয়েছে ৪২.৫৫%।

## অর্থনৈতিক কর্মকান্ড পর্যালোচনা - ২০২২ ঃ

দেশীয় এবং আর্ন্তজাতিক নানা ঘটনা, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, কোভিড - ১৯, তেল ও গ্যাস সংকট ও সরবরাহ ব্যবস্থাপনা ব্যাঘাত অর্থনীতিকে প্রভাবিত করেছে। স্বাভাবিক ব্যবসাকে প্রভাবিত করেছে ফলে ব্যবসায়ীরা নগদ টাকার সংকটে পড়েন। অধিকন্তু, দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে ব্যক্তিগত সঞ্চয় হ্রাস পেয়ে নিম্ন পর্যায়ে নেমে এসেছে। ব্যাংকিং খাতও ঋণ গ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায়ের নিম্ন হার এবং ব্যক্তিগত সঞ্চয় কমার কারণে তারল্য সংকটের চ্যালেঞ্জ মোকাবিলা করেছে। বৈদেশিক মুদ্রার স্থিতি বিশেষ করে মার্কিন ডলারের সরবরাহ কমে যাওয়ায় ব্যাংকিং খাতের নন-ফান্ডেড ব্যবসায়কে ক্ষতিগ্রস্ত করেছে। নন-পারফরমিং ঋণ বা এনপিএল বৃদ্ধির কারণে প্রভিশনের উচ্চ চাহিদার প্রেক্ষাপটে ব্যাংকের তারল্য এবং মূলধন প্রাচুর্যতার হার (capital adequacy ratio -CAR) সংরক্ষণ করাটা চ্যালেঞ্জিং ছিল।

বহুমুখী চ্যালেঞ্জ সত্ত্বেও এনবিএল এর প্রধান মনযোগ ছিল সম্পদের গুণগত মান উন্নয়ন, শ্রেণিকৃত ও অবলোপকৃত (written off) ঋণ আদায়, ব্যাংকিং সেবাকে শক্তিশালী করণ, স্থিতিশীল আমানত বৃদ্ধি এবং ব্যয় কমানোর উপর। এনবিএল তার আর্থিক শক্তি, মজবুত মূলধন ভিত্তি, শক্তিশালী শাখা ব্যবস্থাপনা একইসাথে গ্রাহকদের আস্থা এবং আনুগত্যের মাধ্যমে প্রতিযোগিতামূলক সেবার উপর অগ্রাধিকার দিয়েছে। ন্যাশনাল ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকের প্রবৃদ্ধির ধারাকে বজায় রাখতে সম্পদের সর্বোচ্চ ব্যবহারের প্রতি যত্নশীল ছিল।

## Credit Rating

Emerging Credit Rating Limited (ECRL) has rated the Bank based on December 31, 2022 with "A-"(pronounced as A minus) in the Long Term and ST-2 for the Short Term. The maturity date of rating will be valid upto July 13, 2024. The outlook of the rating is Stable. The rating reflects the strengths of the bank which is backed by a strong team of management, growth in the non-interest income, deposits and investments, adequate capital coverage with high Tier-1 capital, improved asset quality and well controlled liquidity position.

## Business Volume

The Bank maintained a moderate growth of business with priority to non-funded business with priority and collection of low & no cost fund in bank's deposit stock. During the year we have emphasized on favourable CASA ratio which rose to 23.07% from 21.54% of previous year.

Bank downsizes its funded business and recovered the loan portfolio decreased to Tk. 425,065.55 million from Tk. 445,287.71 million of previous year. Commission & fees based income increased to Tk.1,707.04 million while investment income increased by 42.55%.

## Review of Financial Performance - 2022


Multiple local & international event including Russia Ukraine war, Covid-19, crisis of fuel & gas disruption of supply chain management affected the economy. Business volume affected severly and business man suffered from cash flow crisis. In addition, due to price inflation, individual savings decreased at lower level. Banking sector also faced the challaenge of liquidity due to poor recovery from borrowers and small individual savings. Downword foreign currency balance especially US dollar hampered the non-funded business of banking sector. Maintainance of liquidity and capital adequacy ratio was challenging in addition to pressure of high provision requirement due to increase of non-performing loan.

Despite intensified challenges, NBL focus has been on improving asset quality, recovering classified and written off loans, enhancing service excellence, mobilization of stable deposits and rationalizing costs. NBL privileged to have competitive advantage through its financial strength, strong capital base, strong branch network as well as the customers' trust and loyalty. NBL's management has always been careful in upholding for continuous growth and looking for utmost utilization of its assets.

## সম্পদ ঃ

সামঞ্জস্যপূর্ণ ব্যবসায় প্রবৃদ্ধির ফলে বছর ধরে ব্যাংকের সম্পদ প্রবৃদ্ধি স্থিতিশীল ছিল। ৩১ ডিসেম্বর ২০২২ এ ব্যাংকের মোট সম্পদ ৫২১,৪৪৬.২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। আলোচ্য বছরে রিকভারির উপর সর্বাধিক গুরুত্ব দেয়া হয়। আলোচ্য বছরে ঋণ পুণরুদ্ধার বা রিকভারি ছিল এনবিএল এর সবচেয়ে বেশি অগ্রাধিকার প্রাপ্ত দিক। ফলে বছরান্তে ঋণের পরিমাণ ছিল ৪২৫,০৬৫.৫৫ মিলিয়ন টাকা। আমদানি-রপ্তানিসহ অন্যান্য ব্যবসায়ে স্থিতি বজায় ছিল।

ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান গ্রাহকদের সবদিক বিবেচনা করে অত্যন্ত সতর্কতার সাথে ঋণ বিতরণ করেছে। নতুন গ্রাহকদেরকেও আনুষঙ্গিক ঝুঁকি যথাযথভাবে বিচার-বিশ্লেষণ করে ঋণ অনুমোদন করা হচ্ছে। এমএসএমই এবং ভোক্তা ঋণকে প্রাধান্য দেওয়া হয়েছে। আগত বছরেও ব্যাংক এমএসএমই ও খুচরো খাতে ঋণ প্রদানকে অগ্রাধিকার দিয়ে ঋণ বিভাগকে পুনর্বিন্যাস করা হয়েছে।





## Assets

With the moderate expansion of business, asset profile of the Bank remained constant during the year. Total assets as on December, 2022 stood BDT 521,446.32 million. During the year recovery was the most priority for NBL. Consequently advance has downsized to Tk. 425,065.55 million. Other business including import, export remained constant.

The management of the bank disbursed the advances in prudent manner to support the existing customers based on their performances. New customers were also accommodated with proper scrutiny of associated risks with priority to MSME & Consumer loans. The Bank has priority in upcoming year to increase business of MSME & Retail segment and in this direction organogram has been redesigned.




## দায়সমূহ ঃ

৩১ ডিসেম্বর ২০২২ এ ব্যাংকের মোট দায় হ্রাস পেয়ে ৪৭৯,৭৮২.৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা ২০২১ এ ছিল ৫২৩,১১৭.২২ মিলিয়ন টাকা। কর্পোরেট আমানত ও ব্যাংক আমানতের উপর নির্ভরশীলতা হ্রাস পাওয়া এর মূল কারণ, যা আবশ্যকীয়ভাবে আমানত খরচ (Cost of Deposit-COD) আগের বছরের ৬.২৯% থেকে হ্রাস করে ৫.৮৫% হতে সাহায্য করেছে।

পূর্ববর্তী বছরের তুলনায় ২০২২ সালে অন্যান্য ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও প্রতিনিধিদের নিকট থেকে গৃহীত কর্জের পরিমাণ ১.৯৪% কমেছে।

২০১০ সাল হতে অন্যতম প্রাইমারি ডিলার হিসেবে কেন্দ্রিয় ব্যাংক কর্তৃক ঘোষিত সরকারি ট্রেজারি বিল ও বন্ডের নিলামে অংশগ্রহণ করে নির্ধারিত পরিমাণ বিল ও বন্ড ক্রয়ের বাধ্যবাধকতা রয়েছে। আলোচ্য বছর ৭১,১৭০.৪০ মিলিয়ন টাকার সরকারি সিকিউরিটিজ ক্রয় করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত এনবিএল এর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ২৫,৭৩৮.৭৩ মিলিয়ন টাকায় যার মধ্যে সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ রয়েছে ৪৭.৮৫%।

## Liabilities

Total liabilities of the Bank decreased to Tk. 479,782.44 million as on 31 December 2022 from BDT 523,117.22 million in 2021. This was mainly due to reduction of dependency on corporate & bank deposits which ultimately help to downsized the COD 5.85% from 6.29% of previous year.

Borrowings from other banks, financial institutions and agents have decreased by 1.94% in 2022 in comparison to the previous year.

As a Primary Dealer since 2010 the Bank has to acquire a certain portion of Government Treasury Bills & Bonds by participating in bids offered by the central bank. During the year Government Securities of Tk.71,170.40 million are acquired. Investment portfolio of NBL as on December 31, 2022 stood at 25,738.73 million out of which 47.85% is Government Securities.

## আমানতসমূহ ঃ

প্রথম থেকেই এনবিএল দেশে সাধারণ জনগণের মধ্যে ব্যাংকিং সেবা চালু করেছে এবং ব্যাংকের মোট আমানতের একটা বড় অংশ ক্ষুদ্র আমানতকারী থেকে সংগৃহীত হয়। বাংলাদেশের গ্রামীণ জনগণের সমর্থন ও আস্থা নিয়ে ব্যাংক প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবার পরিধি বিস্তৃত করেছে। ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে ব্যাংকের মোট আমানত ৪২৪,৩০৫.৯৯ মিলিয়ন টাকা। এরমধ্যে উচ্চ খরচের আমানত ৭৩.১৮%, নিম্ন খরচের আমানত ১৭.৪৪% এবং খরচবিহীন আমানত ৯.৩৮%। ব্যাংক তার আমানত প্রবৃদ্ধিতে স্থিতাবস্থায় রয়েছে।


## Deposits

NBL since its inception introduce mass banking in the country and most of the deposits are based on core deposits. The Bank is exploring its service at the rural people with their trust and blessings. Deposit of NBL stands at customer trusts. As on 31 December 2022 total deposit stood Tk. 424,305.99 million where 73.18% high cost, 17.44% low cost & 9.38% no cost deposits. The bank in mainly steady growth in deposits.

**Deposits (Taka in million)**




**Deposit Mix (in %)**




## পরিচালন ও নীট মুনাফা ঃ

কোভিড-১৯ এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের দীর্ঘমেয়াদী প্রভাবে দেশের ব্যবসায় মারাত্মক তারল্য সংকটে ভুগেছে এবং যারফলে তারা যথাসময়ে কিস্তি পরিশোধে ব্যর্থ হয়। এ কারণে এনপিএল এর হার উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে এবং ব্যাংক কোনো সুদ তার আয় খাতে নিতে পারেনি এবং আমানত ও ঋণের উপর ব্যাংকের নির্ভরশীলতা থাকায় সুদব্যয় বৃদ্ধি পায় যার প্রভাব ব্যাংকের ২০২২ সালের মুনাফার উপর পড়েছে। সুদ ভিত্তিক আয় ১,২৫৫.১০ কোটি টাকা কমেছে। এ সময়ে ব্যাংক ২,৩৪৬.৩৭ কোটি টাকা সুদ মওকুফের কারণে লোকসান গুণেছে, যার ফলে ব্যাংকের মোট মুনাফা মারাত্মকভাবে হ্রাস পেয়েছে। কেন্দ্রিয় ব্যাংকের বিলম্বিতকরণের সুবিধার ফলে ব্যাংকের ইকুইটি হতে ৮৫৫.৬৯ কোটি টাকা হ্রাস পায়।

## Operating & Net Profit

Prolong effect of Covid-19 and Russia-Ukrane war the business of the country suffered huge cash flow crisis and they failed to repay the instalment in time. Consequently NPL ratio has significantly increased, Bank could not book the interest on such advances to income account where as bank has dependency on deposits and borrowing, for this reason increased the interest cost on borrowing, which ultimately affected the profitability of the bank during the year 2022. Interest income decreased by Tk. 1,255.10 crore. During the year, the bank incurred loss due to charge of interest waiver amounting Tk. 2,346.37 crore and bank's profit has sharply declined. With the benefit of deferral from regulator Retained Earnings heat the equity by Tk.855.69 crore.

## আয় ঃ

২০২২ সালে ব্যাংকের মোট আয়ের সিংহভাগ অর্জিত হয়েছে ঋণের সুদ হতে আয়, ট্রেজারি এবং বিনিয়োগ থেকে আয়, বিভিন্ন ফি ও কমিশন থেকে প্রাপ্ত আয়। ২০২২ সালে ব্যাংকের মোট পরিচালন আয় ২৫.৮৬% হ্রাস পেয়ে ২৮,৬৫৩.০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা ২০২১ সালে ছিল ৩৮,৬৪৮.০৩ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরের তুলনায় সুদভিত্তিক আয় ব্যাপক কমে যাওয়া সত্ত্বেও ব্যাংকের অন্যান্য আয়খাত একটি সামঞ্জস্যপূর্ণ অগ্রগতি বজায় রেখেছিল।

## Income

Major contributory segments of income were interest on advances, Treasury and other Investment income, fee and commission based income. Total operating income of the bank has reduced by 25.86% and stood at Tk. 28,653.04 million in 2022 which was Tk. 38,648.03 million in 2021. Despite of major declining of interest income as compared to previous period other segmental income maintained consistent growth.

## ব্যয়সমূহ ঃ

আমানত ও কর্জের সুদ হচ্ছে ব্যাংকের মোট ব্যয়ের একটি প্রধান খাত। কর এবং ঋণের জন্য রক্ষিতব্য সংস্থানের পাশাপাশি কর্মচারিদের বেতন-ভাতাদি, ভবন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ব্যয়সংস্থাপন ব্যয়, মুদ্রণ ব্যয়, প্রযুক্তি খাতে ব্যয়, সামাজিক দায়বদ্ধতা খাতে ব্যয় এবং শাখা সম্প্রসারণজনিত ব্যয় ব্যাংকের পরিচালন ব্যয়ের প্রধান উপাদান।

ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বছরের শুরু থেকেই সুদ বহির্ভূত ব্যয় হ্রাসের উপর গুরুত্ব দিয়ে আসছিল। একসাথে মুনাফা বৃদ্ধির লক্ষ্যে শ্রেণিকৃত ঋণ ও অবলোপন করা ঋণ আদায়েও তৎপর থেকেছে।

## Expenses

Interest on deposits and borrowings is the main cost of banking business. Employee salary & other remunerations, maintenance of premises & equipments, establishment expenses, printing, ITC expenses, CSR activities etc. and expansion of branch network are the main components of operating expenses besides the provisions for Tax & Loan Loss.

The management of the Bank gave utmost emphasis to keep the non-interest expenses at minimum level since beginning of the year and also strengthened the recovery drives of classified and written-off loans to augment the profitability.

ব্যাংকের ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক প্রতিবেদনের আয়ও ব্যয়খাতে উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে। এর মূল কারণ মূলতঃ সুদ আয় হ্রাস ও রেপো লোকসান ও সুদ মওকুফজনিত ক্ষতি।

বর্তমান বছরে ব্যাংক এনপিএল আদায় করে এবং সুদ মওকুফ করে যা বর্তমান বছরে ব্যয়খাত বিকলন করা হয়েছে। উক্ত সুদ বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে ইন্ট্যানজিবল সম্পদ হিসেবে রেকর্ড করা হয়েছে।

There was significant variance between quarterly & annual financial statement in respect of income & expenses mainly due to less interest income and charging of extraordinary expenses in conection with interest waiver & loss of government securities arised due to REPO.

During the year the bank has charged an extraordinary expenditure which was arised due to allow for recovery of NPL. With the approval of central bank we have created an intangible asset for the amount as charged to profit & loss account so this will not impacted the bank's equity and business.

## ঋণ ও অগ্রিম ঃ

বর্তমান বছরে ব্যাংকের ঋণ ও অগ্রীম ৪.৫৪% হ্রাস পেয়েছে। ব্যাংকের ঋণ পোর্টফোলিও এর অধিকাংশ রয়েছে কর্পোরেট সেক্টরে। এছাড়া এসএমই, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতে ঋণ প্রদান করা হয়েছে। এনবিএল ক্ষুদ্র ও মাঝারি এবং কৃষি খাতে ঋণের পরিমাণ বৃদ্ধির উপর জোর দিয়ে আসছে। ব্যাংক তার ঋণের পোর্টফোলিওতে সর্বদা ঋণের গুণগত দিককে প্রাধান্য দিয়ে আসছে। ৩১-১২-২০২২ পর্যন্ত ব্যাংকের দেয়া মোট ঋণের পরিমাণ ৪২৫,০৬৫.৫৫ মিলিয়ন টাকা।


## Loans and Advances

Loans and advances of the Bank declined by 4.54% over previous year. Major portion of its Financing is consisting of Corporate and the SME with a little in retail portfolio. NBL has been emphasizing on enhancement its portfolio to SME and Agriculture sector. The bank has always focused on the quality aspect of credit while augmenting its credit portfolio. As on 31.12.2022 the total credit portfolio reached to Tk. 425,065.55 million.

**Loans & Advances (Taka in million)**




**Industrywise Loans & Advances (Taka in million)**




## তৈরি পোশাক শিল্পে ঋণ ঃ

বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে তৈরি পোশাক শিল্প হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত, যা দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারা এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই শিল্প বাংলাদেশে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন, রপ্তানি আয় বৃদ্ধি, সঞ্চয় বৃদ্ধি এবং দারিদ্রতা হ্রাসকরণে ইতিবাচক ভূমিকা রাখছে। বাংলাদেশের অর্থনীতিতে পোশাক শিল্পের গুরুত্বের কথা বিবেচনা করে ন্যাশনাল ব্যাংক প্রথম থেকে মুনাফা অর্জনকারী এই শিল্পের বিভিন্ন প্রকল্পে আর্থিক পৃষ্ঠপোষকতা প্রদান করে আসছে। আর্ন্তজাতিক মানের সাথে সঙ্গতি রেখে আমরা এই শিল্পের মান ও কাজের পরিবেশ উন্নয়নে ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছি।

প্রতিযোগিতামূলক বাজারে তৈরি পোশাক শিল্পের উদ্যোক্তাদের টিকিয়ে রাখার জন্য ও বাংলাদেশে লক্ষ লক্ষ বেকার বিশেষ করে নারীদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করে দেশের অর্থনীতির জন্য একটি শক্তিশালী ভিত তৈরি করার কথা বিবেচনায় নিয়ে এই খাতে ২০২২ সালে ন্যাশনাল ব্যাংক ৫,১৬২.৩৭ কোটি টাকা ঋণ প্রদান করেছে।

## Financing RMG

The Ready Made Garments (RMG) industry is currently the most important sector for Bangladesh economy contributing significantly in the stride of economic development of Bangladesh. It has become the most important sector contributing in employment generation, women empowerment, export earnings, savings & poverty reduction. Considering its significance in the national economy, NBL has been allocating substantial amount to finance different RMG projects since inception to patronize this most lucrative sector of the economy. We have continued to disburse loans to the entrepreneurs for factory up gradation and improvement of working atmosphere as per international standards.

During the year of 2022, NBL has extended financing for total Tk. 5,162.37 crore to support the entrepreneurs of RMG sectors to achieve sustainable growth and competitive edge of the industry as well as to provide perfect working place for the readymade garments sector of Bangladesh which has given our economy a strong footing, create jobs for millions of people, especially for women.

## সিন্ডিকেট ও প্রজেক্ট ফাইনান্সিং ঃ

দারিদ্র দূরীকরণ, জীবন যাত্রার মান উন্নয়ন, শিক্ষা ও মাথাপিছু আয় বৃদ্ধি প্রভৃতি ক্ষেত্রে বাংলাদেশের অর্থনীতি দ্রুত গতিতে উন্নয়ন সাধন করছে। পাশাপাশি ভোগ্যপণ্যের চাহিদা, বিদ্যুৎ, পরিবহন, টেলিযোগাযোগ এবং অবকাঠামোগত উন্নয়নও বৃদ্ধি পেয়েছে। দেশের এই উন্নয়ন ধারাকে অব্যাহত রাখার জন্য এনবিএল বিভিন্ন খাতে সতর্কতার সাথে এবং বিভিন্ন বিস্তৃত পরিসরে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করছে।

শুরু থেকে আমরা বিভিন্ন ব্যক্তিগত খাতের উদ্যোক্তাদের উন্নয়নের অংশীদার হিসেবে বিভিন্ন নতুন ও বড় প্রকল্পে বিশেষ করে উৎপাদনশীল ও অর্থনীতি-বান্ধব প্রকল্পে ঋণ দিয়ে আসছি।

পাশাপাশি বিভিন্ন ব্যাংকের সাথে প্রাতিষ্ঠানিক চুক্তির মাধ্যমে বড় বড় প্রকল্পে অর্থায়ন করছি, যাতে করে উৎপাদনশীল ক্ষেত্রে উদ্যোক্তারা তাদের বৃহৎ তহবিলের প্রয়োজন মেটাতে পারে। এসব প্রকল্পের মধ্যে আছে বস্ত্র শিল্প, বুনন শিল্প, তৈরি পোশাক শিল্প, আবাসন খাতের উন্নয়ন, ঔষধ শিল্প, বিদ্যুৎ উৎপাদন ও খাদ্য প্রক্রিয়াজাত করণ প্রকল্প প্রভৃতি।

## কৃষি ও পল্লী ঋণ ঃ

কৃষি বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং বাংলাদেশের উন্নয়ন প্রধানত পল্লী অঞ্চলের উৎপাদনশীলতার উপর নির্ভরশীল। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং কৃষি খাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে এই খাতে অর্থায়নের গুরুত্বের কথা বিবেচনা করে ন্যাশনাল ব্যাংক লিমিটেড শুরু থেকে দেশজুড়ে তার শাখাসমূহের মাধ্যমে কৃষি ঋণ প্রদান করে আসছে। সমাজের সুবিধাবঞ্চিত শ্রেণিকে সহায়তা করার লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক ভূমিহীন ও প্রান্তিক চাষীদের মধ্যে সরাসরি ঋণ বিতরণের পদক্ষেপ নিয়েছে। এর উদ্দেশ্য হলো কৃষকরা যেন বীজ, সার, সেচের যন্ত্রপাতি ও কৃষি উপকরণ সংগ্রহ করে কৃষিতে উন্নত মানের পণ্য উৎপাদন করতে পারে, যা প্রকারান্তরে তাদের জীবন যাত্রার মান উন্নয়নে সহায়ক হবে।

পাশাপাশি এনবিএল একই উদ্দেশ্যে তার নিজস্ব নেটওয়ার্কের মাধমে শস্য উৎপাদন, মৎস্য চাষ, হাঁস, মুরগী ও গরুর খামার প্রকল্পে সরাসরি অর্থায়ন করছে। ২০২১-২০২২ অর্থ বছরে ন্যাশনাল ব্যাংক লিমিটেড কৃষি খাতে ২০,০৪১ জন কৃষকের মধ্যে ৩০৫.৩২ কোটি টাকার কৃষি ঋণ বিতরণ করেছে। মোট বরাদ্দকৃত ঋণের মধ্য থেকে ২৯৫ জন কৃষকের মধ্যে নামমাত্র ৪.০০% সুদে ২.৪১ কোটি টাকা বিতরণ করা হয়েছে মসুর ডাল, তৈল বীজ, মরিচ এবং ভুট্টা চাষের জন্য। ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে ন্যাশনাল ব্যাংক ১০,২৯৩ জন কৃষকের মধ্যে ১৩২.০১ কোটি টাকার ঋণ বিতরণ করেছে। এদের মধ্যে ৮,৮৪৪ জন পুরুষ এবং ১,৪৪৯ জন নারী। মোট বরাদ্দকৃত ঋণের মধ্য থেকে ৪৬৯ জন কৃষকের মধ্যে নামমাত্র ৪.০০% সুদে (মসুর ডাল, তৈল বীজ, মরিচ এবং ভুট্টা চাষের জন্য) ৪.১৬ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

ন্যাশনাল ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে গৃহীত বিভিন্ন জনকল্যাণমূলক কর্মকান্ডে সর্বদা অংশগ্রহণ করে আসছে। কোভিড-১৯ অতিমারি পরিস্থিতিতে ন্যাশনাল ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের ৫,০০০.০০ কোটি টাকার পুণঃঅর্থায়ন স্কীমের আওতায় প্রথম পর্যায়ে ২,৭১০ জন সুবিধাভোগির মধ্যে ৪৯.৪৮ কোটি টাকা বিতরণ করেছে। দ্বিতীয় পর্যায়ে ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে বাংলাদেশ ব্যাংকের ৩,০০০.০০ কোটি টাকার পুণঃঅর্থায়ন স্কীমের আওতায় ২,৩৮০ জন সুবিধাভোগির মধ্যে ২৫.০০ কোটি টাকা বিতরণ করেছে। এটা ছিল বরাদ্দকৃত টাকার সম্পূর্ণ অংশ।

## Project & Syndication Financing

The economy of Bangladesh has grown rapidly in recent years with impressive track record in many areas including poverty alleviation, increased life expectancy, literacy and per capita income. Consequently, the demands for consumption, energy, transport, telecommunications & infrastructural development have increased substantially. In order to support the growth prospects of our country, NBL is always vigilant and extending credit facilities to different priority sectors.

From the very beginning, we are active partner of private sector entrepreneurs to set up new as well as BMRE of long-term infrastructure and industrial projects with special focus on productive, eco-friendly and energy efficient industries.

Besides, we have continued our footprint in financing different large scale project under syndication arrangement with different banks to meet huge funding need of entrepreneurs engaged in productive sectors including Textile, Spinning, RMG, Real-Estate development, Pharmaceuticals, Power Plant and Food Processing etc.

## Agriculture & Rural Credit

Agriculture plays a vital role in Bangladesh economy and the development of our country and food security significantly depends on the productivity of rural areas. Considering the importance of agricultural sector in creating self-employment opportunities and socio-economic development of the country, National Bank Limited has been providing agriculture credit facilities through branches network across the country. As part of financial inclusion National Bank Ltd. has been providing agri credit facilities to landless and marginalized farmers to help them acquire seeds, fertilizer, irrigation tools & agri materials etc. which ultimately had a positive impact on improving their lives.

Besides, the Bank has been financing directly by its own network in the core sectors i.e. crops, fishery poultry and livestock farming with the same motto. In the Fiscal Year 2021-2022, National Bank Limited disbursed agriculture loan of Tk.305.32 crore among 20,041 farmers. Out of the total disbursement, Tk.2.41 crore has been disbursed among 295 farmers for cultivation of pulse, oil seeds, spices & maize under concessional rate of 4.00%. Up to December 2022 of present Fiscal Year 2022-2023, National Bank Limited disbursed agriculture loan of Tk.132.01 crore among 10,293 farmers, of which 8,844 are men and 1,449 are women. Out of the total disbursement Tk.4.16 crore has been disbursed among 469 farmers for cultivation of pulse, oil seeds, spices & maize under concessional rate of 4.00%

National Bank Limited has always been participating in different people friendly initiatives undertaken by Bangladesh Bank. During the Covid-19 Pandemic situation, National Bank Limited has disbursed Tk.49.48 crore among 2,710 beneficiaries in the first phase Refinance Stimulus Scheme of Bangladesh Bank amounting Tk.5,000.00 crore. In the second phase Refinance Stimulus Scheme of Tk.3,000.00 crore of BB National Bank Limited has disbursed Tk.25.00 crore among 2,380 borrowers up to September 2022 deadline which is hundred percent of the allocated amount.

কোভিড-১৯ এবং অন্যান্য কারণে যেসব মানুষ গ্রামে ফিরে যেতে বাধ্য হয়েছিল, তাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি ও তাদের দারিদ্রতা দূর করণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ৫০০.০০ কোটি টাকার "ঘরে ফেরা" স্কীমের আওতায় ন্যাশনাল ব্যাংক তার জন্য বরাদ্দ করা ৫.০০ কোটি টাকা থেকে ইতোমধ্যে ০.৩৮ কোটি টাকা বিতরণ করেছে। ন্যাশনাল ব্যাংকের জন্য এই ৫.০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছিল গম ও ভুট্টার উৎপাদন বাড়ানোর লক্ষ্যে।

National Bank Limited has already disbursed Tk. 0.38 crore against allotted amount of Tk. 5.00 Crore under 'Ghore Fera', a Refinance Scheme of Tk. 500.00 crore undertaken by Bangladesh Bank to create employment and alleviate poverty for the people forced to go back to village consequent upon Covid-19 and other reasons. Disbursement of Tk.5.00 crore allocated for NBL under wheat and maize in connection with increasing production of wheat and maize well ahead of its validity.

দেশে খাদ্য নিরাপত্তা ও কৃষি উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ৫৫.০০ কোটি টাকার "খাদ্য নিরাপত্তা" স্কীমের আওতায় ন্যাশনাল ব্যাংক লিমিটেড ইতোমধ্যে ০.৫০ কোটি টাকা বিতরণ করেছে।

National Bank Limited has already disbursed Tk. 0.50 crore against allocated amount of Tk.55.00 crore under 'Food Security', a Refinance Scheme undertaken by Bangladesh Bank to ensure food security and increase agriculture production of the country.

## দারিদ্র মুক্তি (Daridra Mukti) ঃ

ন্যাশনাল ব্যাংক সর্বদা উদ্যোগী মানুষদের মধ্যে আর্থিক সুবিধা প্রদান করতে আগ্রহী। বিশেষ করে ব্যাংকিং সুবিধা থেকে বঞ্চিত মানুষদের দোরগোড়ায় এই সুবিধা পৌঁছে দিতে ব্যাংক বদ্ধ পরিকর। জন্মলগ্ন থেকে ন্যাশনাল ব্যাংক লিমিটেড দেশের আপামর জনগণের ভাগ্য পরিবর্তনের লক্ষ্যে কাজ করে আসছে। ন্যাশনাল ব্যাংক লিমিটেড সব সময় প্রান্তিক, সুবিধাবঞ্চিত ও নিম্ন আয়ের জনগণ এবং প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের শিকার মানুষদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য তাদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়।



বাংলাদেশের গ্রামাঞ্চলের সংস্কৃতি ও জীবনযাত্রা প্রণালী থেকে উদ্ভূত অনেক প্রাচীন জীবন ব্যবস্থা বর্তমানে যান্ত্রিক সভ্যতার কারণে হুমকির মুখে পড়ছে। নিম্ন আয়ের ঐসব শ্রেণি-পেশার লোকজনকে জীবনের মূল স্রোতে ফিরিয়ে আনার লক্ষ্যে এবং তাদের জীবনকে স্বাচ্ছন্দ্যময় করে তোলার জন্য ন্যাশনাল ব্যাংক লিমিটেড বীর মুক্তিযোদ্ধা ও প্রয়াত চেয়ারম্যান জয়নুল হক সিকদারের নির্দেশে 'দারিদ্র মুক্তি' নামে স্বল্প সুদে ও সহজ শর্তে জামানতবিহীন একটি নতুন ঋণ স্কীম চালু করেছে।

## Daridro Mukti

National Bank Limited has always been eager to streamline credit facilities to the impoverish people. Particularly, the Bank strives to provide banking facilities at the doorsteps of people who have been deprived of such facilities. Since inception, National Bank Limited has been working towards transformation of fortune of the country's mass people. The Bank has been extending its helping hand to the marginal, underprivileged and low income generating people, and the people of areas of natural calamities and man-made disasters.

Many traditional livelihoods that evolve around the culture and lives of rural people of Bangladesh are facing threat of extinction due to the aggressive nature of technology oriented civilization. To resurrect those occupations of people with low income and make their lives more vibrant, National Bank Limited has introduced a loan scheme named 'Daridro Mukti' with low interest rate, with easy terms & conditions and without any collateral security by the direction of late Zainul Haque Sikder, a valiant freedom fighter and the Honorable former Chairman of the Bank.

'দারিদ্র মুক্তি' আওতায় প্রধানত ক্ষুদ্র উদ্যোক্তা ও পেশাজীবী শ্রেণি, হস্ত ও কুটির শিল্প এবং প্রান্তিক ও ভূমিহীন কৃষকদের অর্থায়ন করা হয়ে থাকে। এই খাতে প্রথম কিস্তি হিসেবে বরাদ্দ ১৫.০০ কোটি টাকা ইতোমধ্যে সফলভাবে বিতরণ করা হয়েছে।

Under 'Daridro Mukti' program, loan was disbursed to small entrepreneurs and professionals, cottage and handicraft industries, and marginal & landless farmers. The first phase of allocation of Tk.15.00 core has been successfully distributed.

এই কার্যক্রমের অধীনে ৯৩৩ জন মহিলাসহ ২,০২০ জন প্রান্তিক ও সুবিধাবঞ্চিত কৃষক, ক্ষুদ্র উদ্যোক্তা ও পেশাজীবীর মাঝে ১৫.০০ কোটি টাকা বিতরণ করা হয়েছে। ৭০টি পাওয়ার টিলার, ১,৯৫০ জন কৃষকের জন্য গরু, ফসল চাষ এবং মৎস্যসহ অন্যান্য ক্ষুদ্র আয় উপার্জনকারী খাতে এই ঋণ বিতরণ করা হয়েছে। এভাবে ব্যাংক প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য আয় উপার্জনকারী খাতে বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

Under the program Tk.15.00 crore was disbursed among 2,020 marginal & underprivileged farmers, small entrepreneurs & professionals including 933 women. The loan has been disbursed for purchasing 70 Power Tillers, cows for 1,950 Farmers, cultivation of crops, fish and small business & income generating sectors. Thus, Bank plays a vital role in economic development of the country by way of financing to the marginal and underprivileged people for income generating activities.

## এসএমই খাত ও নারী উদ্যোক্তাদের অর্থায়ন ঃ

এসএমই খাত একটি শ্রমনিবিড় শিল্প যেখানে স্বল্প বিনিয়োগে বিপুল পরিমাণ কর্মসংস্থানের সুযোগ রয়েছে এবং একটি দেশের ভারসাম্যপূর্ণ উন্নয়নে এই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

ন্যাশনাল ব্যাংক দীর্ঘ দিন ধরে এসএমই খাতের জন্য কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় এবং ঋণ ঝুঁকি ব্যবস্থাপনাসমূহের নিরবচ্ছিন্ন কার্যক্রম বজায় রাখার লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক তার পরিচালনা পর্ষদের অনুমতিক্রমে ক্রেডিট রিক বিভাগগুলোকে নতুনভাবে বিন্যস্ত করেছে। CRM-MSME বিভাগ রপ্তানি, ভোক্তা ও কৃষি ঋণ ব্যতিত ৫০.০০ কোটি টাকা পর্যন্ত সমন্বিত ঋণসীমা প্রাপ্ত ভোক্তাদের নিয়ে কাজ করে। ২০২৪ সালের মধ্যে এসএমই ও নারী উদ্যোক্তা খাতে এনবিএল তার মোট বিনিয়োগের ২৫% বিনিয়োগ করবে আশাবাদী।

CRM-MSME বিভাগের পিপিজি ভিত্তিক এসএমই ইউনিট আছে। ক্ষুদ্র ও মাঝারি খাতে নির্ধারিত প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করার লক্ষ্যে পিপিজিভিত্তিক ঋণ সুবিধার বিষয়টি সংশোধনী পর্যায়ে আছে।

ন্যাশনাল ব্যাংক লিমিটেড এসএমই খাতের জন্য বিভিন্ন প্রকার জামানতবিহীন ঋণ চালু করেছে, যেগুলো দেশের অনেক উদ্যোক্তার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। এই ঋণ সুবিধাগুলোর মধ্যে রয়েছে এনবিএল ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ, উৎসব ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ, এনবিএল ওয়েভারস ঋণ, এনবিএল নারী জাগরণ ঋণ, এনবিএল নব উদ্যোগ ঋণ, এনবিএল তৃণমূল উদ্যোগ ঋণ ইত্যাদি। এ সমস্ত স্কীমের আওতায় দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ আমাদের শাখাসমূহের মাধ্যমে অত্যন্ত সহজ শর্তে ঋণ সুবিধা গ্রহণ করতে পারছে।

এসএমই খাতকে চাঙ্গা করতে এবং প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় প্রতিযোগিতা করার জন্য আমাদের পরিকল্পনা আছে নিকট ভবিষ্যতে পিপিজি ভিত্তিক কিছু নতুন স্কীম চালু করার।

তাছাড়া ন্যাশনাল ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পুণঃঅর্থায়ন স্কীমের আওতায় নারী উদ্যোক্তাদের অর্থায়নে কাজ করছে। বিষয়টিকে গুরুত্ব দিয়ে ন্যাশনাল ব্যাংক তার ২২১ টি শাখায় মহিলা উদ্যোক্তাদের সেবা দেয়ার লক্ষ্যে Women desk বা মহিলা ডেস্ক চালু করেছে। এই স্কীমের আওতায় ডিসেম্বর ২০২২ পর্যন্ত আমরা ২২৩.৫৮ কোটি টাকা বিতরণ করেছি। করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত দেশের শিল্প ও বাণিজ্য খাতের জন্য সরকারের ঘোষিত উদ্দীপনামূলক আর্থিক সহায়তা প্যাকেজের অধীনে আমরা প্রথম পর্যায়ে ৩০-০৬-২০২১ পর্যন্ত সময়ে ১৮৬.০০ কোটি টাকা বিতরণ করেছি এবং এক্ষেত্রে গুরুত্বপূর্ণ সাফল্য অর্জনের লক্ষ্যে কর্মতৎপরতা অব্যাহত রয়েছে।

## খুচরা ও ভোক্তা ঋণ ঃ

নির্দিষ্ট আয় শ্রেণির মানুষ যেমন ঃ চাকুরিজীবী, পেশাজীবী এবং ব্যবসায়ীদের ব্যক্তিগত ও পারিবারিক প্রয়োজন মিটানোর লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক লিমিটেড সহজ শর্তে বিভিন্ন প্রকারের খুচরো ও ভোক্তা ঋণ চালু করেছে। ভোক্তা ঋণের অধীনে আমরা চালু করেছি যে কোনো প্রয়োজনে ঋণ (Any Purpose Loan), ভোক্তা টেকসই ঋণ (Consumer Durable Loan), শিক্ষা ঋণ (Education Loan), পেশাজীবী ঋণ (Professional Loan) এবং কর্মের সন্ধানে গমনেচ্ছু শ্রমিকদের জন্য "এনবিএল প্রবাসি বন্ধু (NBL Probash Bandhu)" ঋণ। সমগ্র বাংলাদেশে এই ঋণগুলো বেশ সুপরিচিত। অধিকন্তু, এ সমস্ত স্কীমের আওতায় দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ আমাদের শাখাসমূহের মাধ্যমে অত্যন্ত সহজ শর্তে ঋণ সুবিধা গ্রহণ করতে পারছে।

ডিসেম্বর ২০২২ পর্যন্ত ন্যাশনাল ব্যাংক লিমিটেড এই স্কীমের আওতায় ৩৭৫.৭১ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে।

## CMSME & Women Entrepreneurs Financing

The SME sector is a labor-intensive industry, with less investment which creates huge employment opportunities and plays an important role in the balanced development of the country.

National Bank Limited is working for SME sector since long. With the continuation of this and also for smooth operation of the services of CRMs, the management of NBL, with the approval of the Board, has remodeled the organizational structure of Credit Risk Management divisions of the bank. CRM-MSME division deals with all types of customers having specific composite credit limit up to Tk.50 crore except Export, Consumer & Agriculture credit finance. By 2024, total investment in CMSME sector by NBL is expected to be 25% of its total portfolio.

CRM-MSME Division has a dedicated PPG based SME unit. Amendment of PPG based credit facilities is under process to support the budgeted growth in SME and also to facilitate the strategic business planning of the management.

National Bank Limited has introduced various loan facilities without collateral security in the SME sector, which have attracted many entrepreneurs in the country. All these loan facilities include NBL Small Business Loan, Festival Small Business Loan, NBL Weavers Loan, NBL Nari Jagaran Loan, NBL Nobo Uddog Loan, NBL Trinamul Uddog Loan. Under these schemes, people in remote areas of the country are able to avail loans on easier terms through our Branches.

Besides we have plans to introduce new PPG based products in near future to flourish our SME sector & to compete in the competitive banking sector.

In addition, National Bank Limited is working to finance woman entrepreneurs under Bangladesh Bank's refinancing scheme. Focusing on this, 221 branches of NBL have dedicated Women desk for rendering service to women entrepreneurs. Under this scheme, we have disbursed Tk.223.58 crore till Decemebr-2022. Under the financial stimulus package announced by the Government to address the damage of Corona virus in the industrial and commercial sectors of the country, we have disbursed Tk.186.00 crore in the first phase till 30.06.2021 and working on the issue to reach at significant level which is going on.

## Retail & Consumer Loan

National Bank Limited has launched various retail and consumer loan schemes on easy terms to cater to the diverse personal and family needs of people of certain income groups, especially service holders, professionals and businessmen. Under this consumer loan scheme, we have introduced Any Purpose Loan, Consumer Durable Loan, Education Loan, Auto Finance Professional Loan and NBL Probash Bandhu for migrant workers go to abroad for job purpose. These products are very well-known all over the Bangladesh. Moreover under these schemes, people in remote areas of the country are able to avail loans on very easy terms without collateral security through our branches.

National Bank Limited has disbursed a total of Tk.375.71 million under this scheme till December 2022.

## লিজ ফিনান্সিং (ইজারা অর্থায়ন) ঃ

লিজ ফিনান্সিং মাঝারি ও দীর্ঘ মেয়াদী অর্থায়নের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উৎস, যেখানে একটি সম্পত্তির মালিক অন্য একজনকে মেয়াদী পেমেন্টের বিপরীতে তার সম্পত্তি ভোগের অধিকার দিয়ে থাকে। এক্ষেত্রে সম্পত্তির মালিক ইজারাদাতা এবং ব্যবহারকারী ইজারা গ্রহীতা হিসেবে পরিচিত। ইজারা গ্রহীতা কর্তৃক ইজারা দাতাকে মেয়াদভিত্তিক যে পেমেন্ট দেয়া হয় সেটাকে বলে ইজারার ভাড়া। লিজ ফিনান্সিং এর অধীনে ইজারাদাতা অন্যকে তার সম্পত্তি ভোগের অধিকার দেয় বটে কিন্তু সম্পত্তির মালিকানা তার হাতে ন্যস্ত থাকে। সুতরাং, লিজ ফিনান্সিং এর মাধ্যমে ব্যাংক ব্যবসায় ও ভোক্তা অর্থায়নে বিকল্প ঋণ প্রদানের সুযোগ নিতে পারে। ইদানীং সময়ে ইজারার মাধ্যমে সম্পত্তি ও যানবাহন কেনার ক্ষেত্রে লিজ ফিনান্সিং ক্রমান্বয়ে জনপ্রিয় হয়ে উঠেছে। এই প্রকল্পটি মূলধন যন্ত্রপাতি, কলকব্জা, ডাক্তারী যন্ত্রপাতি, অটোমোবাইল, সিএনজি ভর্তি করার যন্ত্রপাতি পাওয়াকে সহজতর করা হয়েছে। তাছাড়া ব্যক্তি ও শিল্প উদ্যোক্তাদের ভোক্তা টেকসই চাহিদা উৎপাদন বৃদ্ধি, বিএমআরই এর মাধ্যমে পুর্ণঃগঠনের জন্য ইজারা অর্থায়নে প্রতি অধিকতর আগ্রহ দেখাচ্ছে। সম্ভাবনাময় শিল্প সংগঠকদের উৎসাহ দেয়ার জন্য এই প্রকল্পের শর্তসমূহ প্রতিযোগিতামূলক ও সহজতর করা হয়েছে।

এনবিএল ডিসেম্বর ৩১, ২০২২ পর্যন্ত এই প্রকল্পে ১,৬৩৬.০০ মিলিয়ন টাকা বরাদ্দ দিয়েছে, যেখানে মেশিন ও যন্ত্রপাতির জন্য দেয়া হয়েছে ৪৫২.৬৩ মিলিয়ন টাকা এবং যানবাহনের জন্য ১,১৮৩.৩৭ মিলিয়ন টাকা বরাদ্দ ছিল।

## গৃহনির্মাণ ঋণ ঃ

বাড়ি ভাড়ার উর্ধ্বমুখী খরচের কারণে বাংলাদেশের বড় বড় শহরগুলোতে গৃহ ঋণের চাহিদা দেখা দিয়েছে। গৃহঋণ হলো দীর্ঘ মেয়াদী অর্থায়ন, যা কোনো ব্যক্তি এপার্টমেন্ট কেনার জন্য অথবা আবাসিক ভবন নির্মাণের জন্য কিংবা বিদ্যমান আবাসনের মেরামত ও সংস্কারের জন্য কোনো ব্যাংক বা কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে নিয়ে থাকে।

বাংলাদেশে স্থাবর সম্পত্তির উচ্চ মূল্যের প্রধান কারণ হলো উন্নত মানের আবাসনের চাহিদা ও সরবরাহের মধ্যে বৈষম্য। আমাদের দেশে গৃহঋণ বাজারের মূল লক্ষ্য হলো মধ্যম আয় শ্রেণির লোকজন। স্থাবর সম্পত্তির আকাশচুম্বী মূল্য এই শ্রেণির লোকদের একটি বাড়ির মালিক হবার স্বপ্ন বাস্তবায়িত হতে দিচ্ছে না। তাদের এই স্বপ্ন পূরণের জন্য তাই সহজে বহনযোগ্য একটি দীর্ঘমেয়াদী ঋণের প্রয়োজন। এই দিকটিকে গুরুত্ব দিয়ে এনবিএল ২০০৭ সালে ব্যক্তিশ্রেণির জন্য দুই ধরনের গৃহ ঋণ চালু করেছে। এগুলো হচ্ছে ঃ আবাসিক ভবন নির্মাণ অথবা ক্রয় করার জন্য 'এনবিএল হাউজিং লোন' এবং বিদ্যমান আবাসনের মেরামত, নতুন রূপ দেওয়া কিংবা বর্ধিত করার জন্য 'স্বল্প হাউজিং লোন'। সর্বশেষ ২০২২ সালে এনবিএল তার হাউজিং লোন পদ্ধতিতে পরিবর্তন এনেছে। সেটা হলো বাজারে বিদ্যমান পদ্ধতির সাথে সঙ্গতি রেখে সকল শ্রেণির ব্যক্তি গ্রহীতার প্রয়োজন অনুসারে সমন্বিত পদ্ধতি চালু করা।

- হাউজিং লোন (নতুন বাড়ি ক্রয়) ঃ ঐসব গ্রহীতার জন্য এটি বরাদ্দ করা হয়েছে যারা নিজের ব্যবহারের জন্য অথবা বসবাসের উদ্দেশ্যে ভাড়া দেয়ার জন্য নতুন/ব্যবহৃত আবাসিক সম্পত্তি (বাড়ি/এপার্টমেন্ট /ফ্ল্যাট/ডুপ্লেক্স/কনডোমিনিয়াম ইত্যাদি)
- হাউজিং লোন (সংস্কার, বর্ধিতকরণ আধুনিকায়ন প্রভৃতি) ঃ এটা ঐ সমস্ত গ্রহীতাদের জন্য যারা অনুমোদিত নকশার মধ্যে নিজেদের বর্তমান আবাসিক সম্পত্তির পুণঃনির্মাণ/বর্ধিতকরণ/সংস্কার/আধুনিকায়ন করতে চায়।
- হাউজিং লোন টেক-ওভার ঃ অন্য ব্যাংক বা নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানের লোন এনবিএল হাউজিং টেক-ওভার নামে গ্রহণ করা হয়।

## Lease Financing

Lease financing is one of the important sources of medium- and long-term financing where the owner of an asset gives another person, the right to use that asset against periodical payments. The owner of the asset is known as lessor and the user is called lessee. The periodical payment made by the lessee to the lessor is known as lease rental. Under lease financing, lessee is given the right to use the asset but the ownership lies with the lessor. Hence, through Lease Financing a bank can get the opportunity to invest substitute debt for business as well for consumer financing. It is becoming progressively popular nowadays to lease purchase equipment, assets and vehicles. The scheme facilitates to acquire capital machinery, equipment, medical instrument, automobile, CNG refueling machinery and consumer durable etc. Besides the demand of consumer durables by the individuals, industrial entrepreneurs are showing much interest in Lease Financing to increase production, restructuring through BMRE etc. To encourage potential entrepreneurs, terms and conditions of the scheme have been made competitive and easier.

The Bank has already sanctioned lease finance of Taka 1,636.00 million up-to December 31, 2022 comprising machinery & equipment Taka 452.63 million and vehicle Taka 1,183.37 million under lease financing scheme.

## House Building Finance

The rising cost of residential accommodation has pushed up the demand for Home Loans in Bangladesh especially in major cities. Home loan is the long term finance that any individual obtains from Banks or financial institutions to buy apartments or to construct residential buildings or renovate existing residential houses.

The steep rises in the real estate prices in Bangladesh are mainly due to the disparity in supply and demand of quality residential accommodation. In our country, people belongs to the middle income group are mainly the target market for the housing loans. Sky rocketing cost of real estate makes owning a house unaffordable to this group of people. They require affordable long term finance to own a shelter of their dream. Keeping this reality in mind, National Bank Limited (NBL) in 2007 introduced 02(two) Housing Loan Schemes for individuals. Finally, NBL revised its Housing Loan policy in 2022 as a comprehensive solution for all segments of individual customer requirements for housing financing as per existing market practice. NBL Provides individual housing finance for;

- Housing Loan (purchase of new home): It will be for those customers who wish to build or purchase new/used residential property (house/apartment/flat/duplex/condominium etc) for their own use or let out for residential purpose only.
- Housing Loan (Renovation, Extension, Modification, etc): It will be for those customers who wish to re-construct/extension/ renovation/modification within the existing approved plan of their existing residential property (house/ apartment/ flat/ duplex/ condominium etc).
- Housing Loan Take-over: Take-over will be termed as NBL Housing takeover from other Bank/NBFI.

এছাড়াও এনবিএল বিদ্যমান ভবন কিংবা এপার্টমেন্ট মেরামত, সংস্কার/বর্ধিতকরণের জন্য ১০.০০ লাখ টাকা পর্যন্ত স্বল্প হাউজিং লোন নামে মধ্যম মেয়াদী ঋণ দিয়ে থাকে।

'এনবিএল হাউজিং লোন' এবং 'স্বল্প হাউজিং লোন' এর বাইরে ন্যাশনাল ব্যাংক ডেভেলপার কিংবা কোনো ব্যক্তিকে বাণিজ্যিক ভবন নির্মাণ বা উন্নয়নের জন্য এবং এপার্টমেন্ট ক্রয় করার জন্য আরও দুই ধরনের গৃহ ঋণ প্রদান করে থাকে। এগুলো হলো গৃহ ঋণ (বাণিজ্যিক) ও গৃহঋণ (সাধারণ)। বেসরকারি খাতের প্রথম প্রজন্মের একটি অন্যতম ব্যাংক হিসেবে প্রকৃত অর্থে গৃহঋণ খাতে এনবিএল এর অংশগ্রহণ ব্যাপক ও বিস্তৃত। ব্যাংক তার ২২১টি শাখা ও ৩৪টি উপশাখার মাধ্যমে সমগ্র বাংলাদেশে তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

ডিসেম্বর ৩১, ২০২২ পর্যন্ত ন্যাশনাল ব্যাংক বিভিন্ন গৃহঋণ খাতে মোট ৩৩,০৭২.১৩ মিলিয়ন টাকা বরাদ্দ দিয়েছে।

## শ্রেণি বিন্যাসিত ঋণ ও অগ্রিম ঃ

সাম্প্রতিক সময়ে ব্যাংকের জন্য এনপিএল ব্যবস্থাপনা অধিকতর কঠিন ও চ্যালেঞ্জিং হয়ে পড়ছে। নিকট অতীতে বাংলাদেশের ব্যাংকিং খাতকে অনেক উত্থান-পতনের মধ্য দিয়ে এগিয়ে যেতে হয়েছে। এগুলোর মধ্যে পূর্ববর্তী বছরের রাজনৈতিক অস্থিরতা, অর্থনৈতিক মন্দা, উৎপাদন প্রক্রিয়ায় নানামুখী প্রতিবন্ধকতা ব্যাংকিং জগতের জন্য একটি অশনি সংকেত নিয়ে এসেছে। অধিকন্তু এই প্রতিযোগিতামূলক পরিবেশে বিনিয়োগকৃত সম্পদ নিরাপদ রাখা এবং নতুনভাবে বিনিয়োগ করা ছিল রীতিমতো চ্যালেঞ্জের বিষয়। এই পরিস্থিতিতে ঋণ ও অগ্রিমের সুষ্ঠু ব্যবস্থাপনা ছিল অত্যন্ত কঠিন একটি কাজ। ডিসেম্বর ২০২২ পর্যন্ত এনবিএলের অলস ঋণ বা এনপিএল ছিল ২৫.১০%। শ্রেণি বিন্যাসিত ঋণ, অবলোপনকৃত (Written off) এবং পুণঃতফসিলীকরণ হিসাব থেকে এনবিএল গত বছর ৫,৭৭০.০০ মিলিয়ন টাকা আদায় করতে সক্ষম হয়েছে। শ্রেণিকৃত ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ এবং প্রয়োজন অনুসারে আইনী প্রক্রিয়া গ্রহণে পরিচালনা পর্ষদের নির্দেশনা এবং কর্তৃপক্ষের যথোপযুক্ত এবং দূরদর্শী পদক্ষেপ ভবিষ্যতে শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রমকে আরো কার্যকরী ও সাফল্যমন্ডিত করার ভিত্তি তৈরি করেছে। আমরা যদি শ্রেণিকৃত ঋণ আদায়ে এই সাফল্য ধরে রাখা সম্ভব হয় তাহলে ন্যাশনাল ব্যাংক একদিন ব্যাংকিং জগতের শীর্ষ স্থানে পৌঁছুতে সক্ষম হবে।




## বৈদেশিক বাণিজ্য ঃ

বৈদেশিক মুদ্রার সংকট সত্ত্বেও ব্যাংক আমদানি ও রপ্তানি বাণিজ্যে ভারসাম্য বজায় রেখে বিচক্ষণতার সাথে বৈদেশিক বাণিজ্যে অংশগ্রহণ করেছিল, যার কারণে একটি সুষম প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হয়েছে। ঋণপত্র খোলা, রপ্তানি বিল ক্রয়-বিক্রয়, রপ্তানি আয় দেশে আনা, বিদেশ থেকে রেমিট্যান্স আহরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে ব্যাংক তার সম্ভাব্য সকল প্রচেষ্টা কাজে লাগিয়েছে।

NBL also provides Medium Term "Small House Loan" for repair, renovation, extension etc of existing building or apartment ceiling up to Tk.10.00 Lac only.

NBL also provides House Building Loan (Commercial), House Building Loan (General) and Overdraft (General) to Developers/ Individuals for development/ construction/ purchase of residential and commercial establishments which do not fall within the purview of NBL Housing Loan or Small House Loan Scheme. In fact NBL's participation in housing sector is more wide and broad as a top ranked first generation private commercial Bank with wide operational network having 221 branches and 34 Sub- Branches both in city and rural areas throughout the country.

NBL exposure in housing sector is Tk.33,072.13 million up-to December 31, 2022 under its different house building loan Products.

## Classified Loans & Advances

NPL management has become increasingly difficult and challenging in recent years for the banks. In recent past, banks in Bangladesh went through many ups and downs. Political instability, economic recession, production interruption etc. of previous years have brought in a bad signal in the banking arena. Moreover, in this competitive environment, it has become a challenging task to retain previous investment sound and to invest in new ventures. Under these circumstances, managing Loan & Advances is considered to be a tough task. NPL as on December 2022 is 25.10%. Recovery of Tk. 5,770.00 million from classified, written-off and rescheduling accounts respectively. Following the direction of Board of Directors along with competent and strategic steps of the authority, stepping to hard line recovery policy and taking legal procedures as per requirement has created a ground of possibility for making the recovery more active and successful in the forthcoming years. If we can retain our recovery drive at a successful state, NBL will be able to reach a height of zeal in banking sector.

## Foreign Trade

Despite severe foreign currency crunch, the Bank took part in foreign trade business in a prudent manner by balancing the import and export business which enabled a consistent growth. The bank put forth every possible attempt to expand its external business by establishing L/C, negotiation of export bills, realization of export proceeds, foreign remittance etc.

## আমদানি ঃ

২০২২ সালে এনবিএল ২৫,৪০৮টি ঋণপত্র খোলার মাধ্যমে মোট ১,২৫৪.৭০ মিলিয়ন মার্কিন ডলারের আমদানি বাণিজ্য সম্পাদন করেছে, ২০২১ সালে যা ছিল ১,৩৫৬.০১ মিলিয়ন মার্কিন ডলার। প্রধান আমদানি পণ্যগুলো হচ্ছে মূলধনী যন্ত্রপাতি, কাঁচা তুলা, জাহাজ ভাঙ্গা, চাউল, গম, ভোজ্যতেল, পেট্রোলিয়ামজাত সামগ্রি, সুতা, কাপড়, গার্মেন্টস এর খুচরো যন্ত্রাংশ এবং অন্যান্য অনুমোদিত পণ্য।




## রপ্তানি ঃ

ন্যাশনাল ব্যাংক জন্মলগ্ন থেকে গুরুত্বের সাথে রপ্তানি বাণিজ্য পরিচালনা করে আসছে। ২০২২ সালে ব্যাংকটি ৭৬১.৫৭ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ১৭,৪৭১টি রপ্তানি ডকুমেন্টস নিয়ে কাজ করেছে, যেখানে ২০২১ সালে রপ্তানি সম্পাদন হয়েছিল ৬৩০.৯০ মিলিয়ন মার্কিন ডলারের। ব্যাংকের রপ্তানি অর্থায়ন প্রধানত তৈরি পোশাক, বুনন শিল্প, হিমায়িত খাদ্য ও মাছ, প্রক্রিয়াজাত চামড়া, হস্তশিল্প, চা, পাটজাত দ্রব্য ইত্যাদি থেকে এসেছে।


## অফশোর ব্যাংকিং ইউনিট ঃ

অফশোর ব্যাংকিং বিশ্ব জুড়ে আন্তর্জাতিক ব্যাংকিং ব্যবস্থায় একটি অদ্বিতীয় ব্যবসায়ের সুযোগ, যেখানে অনিবাসী বৈদেশিক মুদ্রার সম্পদ ও দায়কে ব্যবহার করে নিম্ন অথবা শূন্য শুল্কে সুবিধা গ্রহণের মাধ্যমে বিনিয়োগের উপর অধিকতর মুনাফা অর্জন করা যায়। ন্যাশনাল ব্যাংক ২০০৮ সালে প্রথম ঢাকাস্থ মহাখালি শাখায় অফশোর ব্যাংকিং ইউনিট খুলেছে এবং দিলকুশা শাখায় ২০১৬ সালের ২ নভেম্বর থেকে অফশোর ব্যাংকিং ইউনিট কার্যক্রম শুরু করেছে। সৃজনশীল ও গ্রাহক বান্ধব এই উদ্যোগে বিদেশী বিনিয়োগকারী ও দেশীয় উদ্যোক্তাদের শতভাগ রপ্তানি নির্ভর শিল্পের প্রয়োজনে এই পদ্ধতি ব্যাংকিং কার্যক্রমে এক নতুন মাত্রা সংযোজন করেছে।

ডিসেম্বর ৩১, ২০২২ পর্যন্ত অফশোর ব্যাংকিং ইউনিট ৪১.৯৩ মিলিয়ন মার্কিন ডলার (৪,৩৩১.৫৩ মিলিয়ন টাকা) ঋণ প্রদান করেছে; ২০২১ সালে এই পরিমাণ ছিল ৪৩.৫৮ মিলিয়ন মার্কিন ডলার (৩,৭৩৯.০৮ মিলিয়ন টাকা)। ২০২২ সালে অফশোর ব্যাংকিং ইউনিট রপ্তানি ও আমদানি ক্ষেত্রে যথাক্রমে ১৮.৭০ মিলিয়ন মার্কিন ডলার (১,৯৩১.৮৮ মিলিয়ন টাকা) ও ১৬.৭৪ মিলিয়ন মার্কিন ডলার (১,৫৭৪.৩২ মিলিয়ন টাকা) বৈদেশিক বাণিজ্য সম্পাদন করেছে। ২০২১ সালে এর পরিমাণ ছিল যথাক্রমে ১,৬৪৮.৩৫ মিলিয়ন এবং ১,১৫৫.০০ মিলিয়ন টাকা। ডিসেম্বর ৩১, ২০২২ পর্যন্ত সময়ে অফশোর ব্যাংকিং ইউনিট ১.২৫ মিলিয়ন মার্কিন ডলার (১২৯.০৭ মিলিয়ন টাকা) পরিচালন মুনাফা করেছে, যা ডিসেম্বর ৩১, ২০২১ পর্যন্ত ছিল ১.৬৬ মিলিয়ন মার্কিন ডলার (১৪২.১৭ মিলিয়ন টাকা)।

## অন্তর্মুখী বৈদেশিক রেমিট্যান্স ঃ

প্রবাসী বাংলাদেশীরা তাদের কষ্টার্জিত অর্থ দেশে পাঠাতে নানারকম অসুবিধার সম্মুখীন হচ্ছে - এটা উপলব্ধি করে এনবিএল প্রথম থেকেই প্রবাসী উপার্জনকারীদের অর্থ দেশে পাঠানোর প্রক্রিয়াকে সহজতর করার লক্ষ্যে কিছু পদক্ষেপ নেয়ার প্রয়োজনীয়তা অনুভব করে। এই উদ্দেশ্যে বিভিন্ন দেশের মুদ্রা বিনিময় কোম্পানির মাধ্যমে টাকা পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং যে সমস্ত দেশে অধিক সংখ্যক বাংলাদেশি বাস করছে সে সব দেশে ন্যাশনাল ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী খোলা হয়েছে।




## Import

The Bank opened a total number of 25,408 LCs amounting to USD 1,254.70 million for facilitating import trade in 2022 which was USD 1,356.01 million in 2021. The main commodities were capital machinery, raw cotton, scrap vessels, rice, wheat, edible oil, petroleum products, yarn, fabrics, garments accessories and other permissible consumer items.

## Export

The Bank has been handling the export business giving due importance since its inception. In 2022 it handled 17,471 export documents valuing USD 761.57 million which was USD 630.90 million in 2021. Export finances were extended mainly to readymade garments, knitwear, frozen food and fish, tanned leather, handicraft, tea, jute goods etc.

## Offshore Banking Unit

Offshore Banking is a unique solution for banks across the globe to carry out international banking business involving non-resident foreign currency denominated assets and liabilities taking the advantages of low or nonexistent taxes/levies and higher return on investment. In 2008 NBL opened its Offshore Banking Unit (OBU) at Mohakhali Branch, Dhaka and Dilkusha Branch started Offshore Banking Unit (OBU) November 02, 2016. This venture added a new dimension in its innovative and customer friendly business activities to the foreign investors and local entrepreneurs invested in 100 percent export based industries.

Total loans and advances made by the OBU is USD 41.93 million (BDT 4,331.53 million) as on 31 December 2022 whereas USD 43.58 million (BDT 3,739.08 million) in 2021. In 2022, the OBU made export and import for USD 18.70 million (BDT 1,931.88 million) and USD 16.74 million (BDT 1,574.32 million) respectively as against (BDT 1,648.35 million) and (BDT 1,155.00 million) in 2021. The operating profit of OBU is USD 1.25 million (BDT 129.07 million) as on 31 December 2022 whereas USD 1.66 million (BDT 142.17 million) in 2021.

## Homebound Foreign Remittance

Realizing the hurdles that the expatriate Bangladeshis were facing in sending their hard-earned money to their home, NBL, since inception emphasized on the necessity to take measure to facilitate the wage-earners. With this notion arrangements have been made with exchange houses in different countries and established subsidiaries abroad in places with high concentration of Bangladeshi expatriates.

১৯৯৩ সালে ন্যাশনাল ব্যাংক ওয়েষ্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার তথা পৃথিবীর নেতৃস্থানীয় রেমিট্যান্স কোম্পানির এজেন্ট হয় এবং ২০০২ সন পর্যন্ত একমাত্র এজেন্ট হিসেবে কাজ শুরু করে। অধিকন্তু, এনবিএল এর পক্ষে বিদেশ হতে প্রেরিত অর্থ দ্রুত গ্রাহকদের হাতে পৌঁছে দেয়ার লক্ষ্যে ব্যাংক আশা (একটি নেতৃস্থানীয় এনজিও), স্যোসাল ইসলামী ব্যাংক লিমিটেড এবং ইষ্টার্ণ ব্যাংক লিমিটেডের সাথে চুক্তিবদ্ধ হয়েছে।

অধিকন্তু অর্ন্তমুখী বিদেশী রেমিট্যান্স প্রবাহকে বাংলাদেশে সুবিধাভোগির কাছে পৌঁছে দেয়ার প্রক্রিয়াকে সহজতর করার লক্ষ্যে ন্যাশনাল ব্যাংক লিমিটেড দেশের সর্ববৃহৎ আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বিকাশ এর সাথে রেমিট্যান্স চুক্তি সই করেছে।

এ মুহুর্তে এনবিএল ১৩টি দেশের ৩৪টি মুদ্রা বিনিময় কোম্পানির সাথে ড্রয়িং ব্যবস্থা চালু রেখেছে। দেশগুলো হচ্ছে কুয়েত, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, সুইজারল্যান্ড, যুক্তরাজ্য, ইতালি, যুক্তরাষ্ট্র এবং ব্যাংকের একশত ভাগ মালিকানায় সিঙ্গাপুর, মালয়েশিয়া, মালদ্বীপ, যুক্তরাষ্ট্র ও গ্রীসে এনবিএল মানি ট্রান্সফার নামে ৫টি সাবসিডিয়ারি খোলা হয়েছে। এছাড়া ২৫% মালিকানায় ওমানেও ন্যাশনাল ব্যাংকের একটি এক্সচেঞ্জ কোম্পানী রয়েছে।

২০২২ সালে এই চ্যানেলগুলোর মাধ্যমে ৩৩৫.১৪ মিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স দেশে এসেছে, যাতে ন্যাশনাল ব্যাংকে সাবসিডিয়ারিসমূহের অবদান ৩৮.৫৩%, যা ছক আকারে নিম্নে দেখানো হলো ঃ

In 1993 the Bank became the agent of Western Union Money Transfer, a global leader in money transfer services and remained lone agent till 2002. Furthermore, NBL entered into a deal with ASA, a leading NGO, Social Islamic Bank Limited (SIBL) and Eastern Bank Limited (EBL) for making payments of inward remittances on behalf of NBL.

In addition, a remittance disbursement agreement was executed with Bkash Limited to facilitate inward foreign remittance transactions by disbursing the money through country's largest Mobile Financial Service Providers – Bkash among the beneficiaries accounts in Bangladesh.

By now, the bank made drawing arrangements with 34 exchanges companies located in 13 countries including Kuwait, Qatar, Saudi Arabia, UAE, Switzerland, UK, Italy, USA and established fully owned 5 subsidiaries in Singapore, Malaysia, Maldives, Greece and one partially (25% equity) owned Exchange Company in Oman.

In 2022, foreign remittance brought through the channels of National Bank Ltd was USD 335.14 million of which 38.53% is made through NBL's subsidiaries as detailed attached:

| Company & Country | Operating Since | No. of Branches | Inward Remittance Received (in million) | | | | Growth in USD |
|---|---|---|---|---|---|---|---|
| | | | 31-12-2022 | | 31-12-2021 | | |
| Gulf Overseas Exchange Company LLC, Oman | Nov, 1985 | 14 (Fourteen) | USD | 10.04 | USD | 13.07 | -29.54% |
| | | | BDT | 1,037.15 | BDT | 1,108.35 | |
| NBL Money Transfer Pte Ltd, Singapore | July, 2007 | 03 (Three) | USD | 45.56 | USD | 44.69 | 0.42% |
| | | | BDT | 4,706.01 | BDT | 3,789.76 | |
| NBL Money Transfer Sdn Bhd, Malayasia | Oct, 2009 | 09 (Nine) | USD | 28.44 | USD | 27.31 | 36.40% |
| | | | BDT | 2,937.64 | BDT | 2,315.92 | |
| NBL Money Transfer (Maldives) Pvt. Ltd. | Dec, 2011 | 01 (One) | USD | 12.76 | USD | 27.76 | -32.49% |
| | | | BDT | 1,318.01 | BDT | 2,354.08 | |
| NBL Money Transfer Payment Foundation SA, Greece | June, 2012 | 02 (Two) | USD | 32.32 | USD | 24.71 | -0.89% |
| | | | BDT | 3,338.42 | BDT | 2,095.44 | |
| **Total** | | | **USD** | **129.12** | **USD** | **131.98** | **-2.16%** |
| | | | **BDT** | **13,337.23** | **BDT** | **11,322.39** | |

## এনবিএল সিকিউরিটিজ লিমিটেড ঃ

গ্রাহকদের ব্রোকারেজ সেবা প্রদানের লক্ষ্যে মার্চ ২০১১ হতে ন্যাশনাল ব্যাংকের একটি পৃথক সাবসিডিয়ারী কোম্পানি হিসেবে এনবিএল সিকিউরিটিজ লিমিটেড যাত্রা শুরু করে। এনবিএল সিকিউরিটিজ ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর সদস্য। অভিজ্ঞ ও দক্ষ কর্মীবৃন্দ, আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত অবকাঠামোগত সুবিধা নিয়ে কোম্পানিটি বিও (Beneficial Owners) হিসাব খোলা, শেয়ার ক্রয়-বিক্রয় করা, মার্জিন ঋণ সুবিধা প্রদান এবং বিনিয়োগকারীদের শেয়ার বাজারে বিনিয়োগ সংক্রান্ত পরামর্শ প্রদান করে আসছে।

## NBL Securities Ltd.

NBL Securities Ltd. started its operation as separate subsidiary company of NBL to provide the service of brokerage house since 2011. NBL Securities Ltd. is a member of both Dhaka Stock Exchange and Chittagong Stock Exchange. With the efficient and experienced personnel, having latest information technology, infrastructure facilities, the services offered by the NBL Securities Limited includes, opening of BO Accounts, trading in the share market, providing margin facilities, counseling the investors in connection with investment in share market, etc.

## এনবিএল ক্যাপিটাল অ্যান্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড ঃ

এনবিএল ক্যাপিটাল অ্যান্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড (NBL CEML) ন্যাশনাল ব্যাংকের সম্পূর্ণ মালিকানাধীন একটি সাবসিডিয়ারী। এটি বাংলাদেশ ব্যাংক থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে এবং সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশনে তালিকাভূক্ত হয়ে ০৯ জুন, ২০১১ থেকে পূর্ণ উদ্যমে কার্যক্রম শুরু করেছে। শুরু থেকে কোম্পানিটি শেয়ার ইস্যু ব্যবস্থাপনা, আন্ডার রাইটিং, পোর্টফোলিও ব্যবস্থাপনা, কর্পোরেট পরামর্শ সেবা প্রদান এবং পুঁজি বাজার সংক্রান্ত অন্যান্য সেবা প্রদান করে আসছে। এনবিএল ক্যাপিটাল অ্যান্ড ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড এর ২০২২ সালের আর্থিক বিবরণী এই রিপোর্টের সাথে দেয়া হয়েছে।

## NBL Capital & Equity Management Ltd.

NBL Capital and Equity Management Ltd. (NBL CEML), is a fully owned subsidiary of National Bank Limited and is a full-fledged Merchant Banker licensed by the Bangladesh Securities and Exchange Commission (BSEC) on June 09, 2011. Since the inception, NBL CEML provides services of Issue Management, Underwriting, Portfolio Management, Corporate Advisory and other capital market activities. The financial statement of NBL CEML for the year 2022 has furnished in this report.

## ক্যাপিটাল মার্কেট ও নিজস্ব পোর্টফোলিও ম্যানেজমেন্ট ঃ

ন্যাশনাল ব্যাংক লিমিটেড হচ্ছে বাংলাদেশের পুঁজি বাজারে সক্রিয় অংশগ্রহণকারী একটি ব্যাংক। প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী হিসেবে ব্যাংকটি ২০০৩ সন থেকে পুঁজি বাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাংকটি তালিকাভূক্ত কোম্পানিগুলোর মধ্যে নিজস্ব পোর্টফোলিওর মাধ্যমে পুঁজি বাজার কার্যক্রমে সক্রিয়ভাবে জড়িত রয়েছে। এছাড়াও তালিকার বাইরের কিছু কিছু কোম্পানিতে এনবিএলের বিনিয়োগ রয়েছে। প্রতি বছর পুঁজি বাজারের বিভিন্ন তালিকাভূক্ত ও তালিকাবহির্ভূত কোম্পানিতে বিনিয়োগের মাধ্যমে এনবিএল উল্লেখযোগ্য পরিমাণ অর্থ আয় করে থাকে।

## Capital Market-Own Portfolio Management

National Bank Limited is an active participant in the capital market of Bangladesh. As an institutional investor the Bank is playing a vital role in development of the capital market since 2003. The Bank is actively engaged with capital market operation through its own portfolio management in listed companies. Besides, NBL has equity investment in different non listed companies. Every year NBL earn a significant amount of profit from its own investment in the capital market and non-listed companies.

## কার্ড ব্যবসায় ঃ

ইতোমধ্যে ক্রেডিট কার্ড নগদ টাকার বিকল্প হিসেবে এবং অত্যন্ত জনপ্রিয় ও প্রতিষ্ঠিত পদ্ধতি হিসেবে স্বীকৃতি লাভ করেছে। এটা নগদ টাকা পরিবহনের ঝুঁকি কমায় এবং প্রতিদিনের প্রয়োজন মিটানোর জন্য নগদ টাকা হিসেবে ব্যবহার করা যায়।

এদেশে ব্যাংকসমূহের মধ্যে ন্যাশনাল ব্যাংক সর্বপ্রথম ১৯৯৭ সালে মাস্টার কার্ড এবং ২০০৩ সালে ভিসা কার্ড চালু করেছে। যদিও বর্তমানে ক্রেডিট কার্ড অত্যন্ত জনপ্রিয়, তথাপি উল্লেখযোগ্য সংখ্যক মানুষ এই এখন পর্যন্ত ক্রেডিট কার্ডের সুবিধার বাইরে রয়ে গেছে। এই সমস্ত মানুষকে ক্রেডিট কার্ডের সুবিধার আওতায় আনা ব্যাংকের জন্য একটা বড় চ্যালেঞ্জ। যেহেতু ক্রেডিট কার্ড একটি প্রযুক্তিনির্ভর মাধ্যম সেহেতু কার্ড ব্যবসায়ের সাফল্য নির্ভর করে এর নিরাপত্তা এবং বিশ্বস্ততার উপর।




ন্যাশনাল ব্যাংক লিমিটেড গ্রাহকদের বিভিন্ন শ্রেণি-পেশার ভিত্তিতে প্লাটিনাম, গোল্ড ও সিলভার (ডেবিট ও ক্রেডিট) কার্ড ইস্যু করেছে। সম্প্রতি ন্যাশনাল ব্যাংক ইএমভি চিপ (EMV Chip) নির্ভর ডেবিট ও ক্রেডিট কার্ডের প্রচলন করেছে, যেগুলো NFC (Near Field Communication) এর সুবিধা পাওয়া যাবে। ন্যাশনাল ব্যাংক বাংলাদেশে প্রথম মাস্টার কার্ড মাল্টি কারেন্সি ডেবিট কার্ড চালু করেছে। ইন্টারনেট ব্যাংকিং সেবার মাধ্যমে একজন গ্রাহক সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা একাউন্টের স্থিতি অনুসন্ধান, NPSB (National Payment Switch Bangladesh) এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে এনবিএলের এক একাউন্ট থেকে অন্য একাউন্টে অথবা অন্য ব্যাংকের একাউন্টে টাকা ট্রান্সফার, DPDC এবং DESCO এর বিল পরিশোধ, Top-up, বিকাশ এবং নগদ হিসাবে টাকা ট্রান্সফার, মোবাইল বিল পরিশোধ এবং ইন্টারনেট ব্যাংকিং সার্ভিসসহ অন্যান্য সুবিধা ভোগ করছে।

## মানব সম্পদ ঃ

দ্রুত অগ্রসরমান ব্যবসায়িক পরিবেশের চ্যালেঞ্জ ও সুবিধাসমূহ গ্রহণ করার কথা বিবেচনায় রেখে ন্যাশনাল ব্যাংকের জনশক্তির প্রাত্যাহিক কাজকে আধুনিক আঙ্গিকে সাজানো হয়েছে। ব্যাংক এ বিষয়ে অবগত আছে যে, পরিপূর্ণ প্রতিযোগিতায় থাকতে হলে এবং পরিবর্তিত বাজার ব্যবস্থাকে গ্রহণ করতে হলে ব্যাংকের জনশক্তিকে কৌশলগতভাবে পরিচালনা করতে হবে। এক্ষেত্রে ব্যাংকের প্রতিশ্রুতি হচ্ছে "গ্রাহকের প্রতি স্বচ্ছতা, ব্যাংকের প্রতি স্বচ্ছতা"।

তাই ব্যাংক তার গ্রাহক ও নিজের প্রতিষ্ঠানের সাথে আন্তঃসম্পর্কের ক্ষেত্রে নৈতিকতাপূর্ণ আচরণ, স্বচ্ছতা এবং পক্ষপাতহীনতার উপর গুরুত্ব আরোপ করে থাকে। কর্মকর্তাদেরকে যে কোনো বিষয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা দানের মাধ্যমে এই আদর্শগুলোর উন্নতি সাধন হচ্ছে ব্যাংকের মূল মনযোগের বিষয়।

স্বল্প ও মধ্যম মেয়াদী উভয় ক্ষেত্রে ব্যাংকের প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনের জন্য মানব সম্পদ উন্নয়নের দিকটাকে সর্বাধিক গুরুত্বের সাথে গ্রহণ করা হয়েছে। ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত ন্যাশনাল ব্যাংকের শাখা ও প্রধান কার্যালয়ে ৪,৯০২ জন নিবেদিত প্রাণ কর্মকর্তা ও কর্মচারি ছিল। এদিক থেকে ব্যাংকটি সত্যিকার অর্থে একটি অনন্য প্রতিষ্ঠান হিসেবে গর্ব করতে পারে। কেননা, ব্যাংক প্রকৃত অর্থেই নির্খাদ প্রতিভা, বিশেষ জ্ঞান ও প্রচেষ্টার সমন্বয় সাধন করতে পেরেছে।

সত্যিকার অর্থে একটি কার্যকর ও দক্ষ পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ব্যাংকের রয়েছে একটি পরিপূর্ণ মানব সম্পদ নীতিমালা। আকর্ষণীয় বেতন প্যাকেজ ও দীর্ঘমেয়াদী চাকরি সুবিধা দিয়ে ব্যাংক তার কর্মকর্তা ও কর্মচারিদের উৎসাহ দিয়ে থাকে। এনবিএল এর মানব সম্পদ বিভাগ সর্বদা দেশজুড়ে সর্বোচ্চ মেধাসম্পন্ন কর্মীর খুঁজ করে থাকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ অনুষদ এবং বিআইবিএম দ্বারা পরিচালিত পরীক্ষার মাধ্যমে নতুন গ্রাজুয়েটদের শিক্ষানবিশ কর্মকর্তা (Probationary Officer), জুনিয়র অফিসার (জেনারেল ও ক্যাশ) হিসেবে নিয়োগ দেয়া হয়। পরবর্তীতে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন সময় মানব সম্পদ বিভাগ তাদেরকে বিভিন্ন মৌলিক ও পেশাগত প্রশিক্ষণ দিয়ে থাকে।

## Card Business

Credit Cards have already been well established and very popular as a substitute of Cash. It reduces risk to carry cash and can be used in a safe way to meet everyday needs.

National Bank Ltd. is the pioneer among Bangladeshi Banks to introduce Mastercard in 1997 and Visa Credit Cards in 2003. Though Credit Cards are very popular now a days, a large number of population are still out of this facility. Inclusion of these people is a big challenge for the Banks. As Credit Card is a technology based medium, the success of card business depends on security and convenience.

National Bank Ltd. issue Platinum, Gold and Silver (Debit and Credit) Cards to its customers. Recently National Bank has launched latest EMV Chip based Debit and Credit Cards which is also NFC enabled. NBL has also introduced Master Card multi currency debit card for the first time in Bangladesh. A customer avails 24/7 banking facility like balance enquiry, fund transfer within moments to NBL account or to any bank account through NPSB, Payment of card bill, DPDC and DESCO bill, Top-up, balance transfer to Bkash and Nagad, payment of mobile bill with Internet Banking service.

## Human Resources

National Bank's HR practices are specifically tailored to address the challenges and opportunities presented by the rapidly evolving business environment. The Bank recognizes that in order to remain competitive and adapt to changing market dynamics, it needs to strategically manage its human resources. Bank's commitment to the principles of being "Fair to Customer, Fair to Bank".

Therefore, NBL emphasizes on ethical conduct, transparency, and fairness in its interactions with both customers and the organization itself. Upholding these principles is likely considered a core value within the bank, guiding the behavior and decision-making of its employees.

National Bank Limited has taken Human Resource development with utmost importance as it is the most vital element for achieving organizational goals, both short and long term. By the end of 2022 NBL has a group 4,902 committed employees, serving at the Branches and Head Office, the Bank prides itself on being a truly peerless organization, combining the expertise and endeavor of experienced and fresh talents.

NBL has pragmatic HR policy and guideline in order to create efficient and effective work environment. The Bank encourages its employees with attractive salary packages and long term service benefit. Fresh graduates are hired as Probationary Officer, Junior Officer (General & cash) through test conducted by IBA (DU) or BIBM. NBL HRD also recruited other professionals through strict scrutiny. HRD also arranged different basic and professional training programs to improve employee productivity.

কর্মকর্তাদের দক্ষতাকে গতিশীল করার জন্য এবং ভবিষ্যত চ্যালেঞ্জ মোকাবিলায় তাদেরকে আত্মবিশ্বাসী করে তোলার লক্ষ্যে চাকুরিরত কর্মকর্তারা তাদের দক্ষতা, জ্ঞান ও উৎপাদন ক্ষমতার উন্নয়ন ঘটাচ্ছে - এটা নিশ্চিত করার জন্য ব্যাংক ১৯৮৭ সালে ন্যাশনাল ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউশন প্রতিষ্ঠা করেছে, যেটা বাংলাদেশের প্রাইভেট ব্যাংকিং খাতে প্রথম ট্রেনিং ইনস্টিটিউট। ২০১০ সালে এটি নিউ ইস্কাটনে সকল প্রকার আধুনিক সুবিধায় সজ্জিত হয়ে ব্যাংকের নিজস্ব জায়গায় স্থানান্তরিত হয়েছে। কর্মকর্তাদের জ্ঞান ও পেশাভিত্তিক দক্ষতা বৃদ্ধি করার জন্য ন্যাশনাল ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউশন প্রতিনিয়ত ট্রেনিং, ওয়ার্কশপ, সেমিনার এবং সিম্পোজিয়ামের আয়োজন করছে। অধিকন্তু ব্যাংক তার কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় পর্যায়ে এবং বিদেশেও প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। ২০২২ সনে মোট ২,২১৪ জন কর্মকর্তা অনলাইনে প্রশিক্ষণ গ্রহণ করেছে।

## কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা ঃ

দেশের একটি কর্পোরেট প্রতিষ্ঠান হিসেবে এনবিএল সমাজের প্রতি তার দায়-দায়িত্ব সম্পর্কে সচেতন। এনবিএল সর্বদা সমাজ তথা দেশের উন্নয়নের অংশীদার হিসেবে কাজ করতে চায়। সমাজ উন্নয়নের প্রতিটি পদক্ষেপে ব্যাংক সর্বদা সমর্থন দিয়ে আসছে, যেখানে অপেক্ষাকৃত দুর্বল এবং সুবিধাবঞ্চিত শ্রেণির প্রতি বিশেষ মনযোগ দিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২০২২ সনে এনবিএল তার সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সমাজ কল্যাণমূলক কাজে তাদের সমষ্টিগত ভূমিকার স্বাক্ষর রেখেছে। ব্যাংক সরাসরি বা অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে ও বিস্তৃত পরিসরে দুর্যোগ ব্যবস্থাপনা, স্বাস্থ্য, শিক্ষা, খেলাধুলা ও সংস্কৃতিসহ সামাজিক উন্নয়ন খাতে আর্থিক সহায়তা দিয়েছে।

এনবিএল তার সামাজিক দায়বদ্ধতাকে কেবল অনুদান এবং কমপ্লায়েন্স ইস্যু হিসেবে গ্রহণ করেনি, বরং দক্ষতা ও দায়িত্বের সাথে সমস্ত স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণের জন্য এটা করছে। এনবিএল বিভিন্ন দিক থেকে যেমন ঃ গ্রাহক, শেয়ারহোল্ডার ও বিভিন্ন কমিউনিটির মর্যাদা বৃদ্ধির মাধ্যমে তার কার্যক্রম পরিচালনা করছে। আমরা যে সমাজে আমরা বাস করি সেই সমাজের প্রতি আমাদের অঙ্গীকার জোরদার করেছি স্টেকহোল্ডারদের প্রত্যাশার উপর নির্ভর করে ব্যাংকিং কার্যক্রম ও এর ইতিবাচক ফলাফলের মধ্যে যৌক্তিক ও পরিমাণগত যোগাযোগ স্থাপনের মাধ্যমে। আমাদের সামগ্রিক ব্যবসায়িক কৌশলের মূলে রয়েছে আমাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার প্রচেষ্টাসমূহ।

একটি দায়িত্বপূর্ণ কর্পোরেট প্রতিষ্ঠান হিসেবে এনবিএল তার দায়িত্ব সঠিকভাবে পালনে এবং লক্ষ্য অর্জনে প্রতীজ্ঞাবদ্ধ; ১৯৮৯ সালে ব্যাংক সমাজের অগ্রগতি সাধন এবং কল্যাণকর কিছু করার লক্ষ্যে  চ্যারিটি ফাউন্ডেশন তার শ্রদ্ধাশীলতার ভিত্তি তৈরি করেছে। এটা উন্নয়ন কাজকে সহজতর করে এবং স্থায়ী সামাজিক মালিকানা তৈরিতে প্রধান স্টেকহোল্ডারদের সক্রিয় অংশগ্রহণকে উৎসাহিত করে।

## কর্পোরেট সুশাসন ঃ

এনবিএল সর্বদা নিয়ম-নীতি, বিধি-বিধান, গাইডলাইন্স ও আদেশ-নিষেধ কঠোরভাবে মেনে আসছে। ব্যাংকটি তার দৈনন্দিন কার্যক্রমের অংশ হিসেবে কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠা এবং সমন্বিত ব্যবসায়ের সর্বোচ্চ মান বজায় রাখার প্রতি সর্বদা মনযোগী। ন্যাশনাল ব্যাংক হচ্ছে কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠার একটি অন্যতম উদাহরণ।

## বিনিয়োগকারী সম্পর্ক ঃ

বোর্ড বিনিয়োগকারীর কার্যকলাপ সম্পর্কে, একইসাথে ক্ষুদ্র শেয়ার মালিকদের মালিকানা পরিবর্তনের বিষয়ে এবং শেয়ারের মূল্য ওঠা-নামার খবর পেয়ে থাকে। বিনিয়োগকারীদের সাথে খোলামেলা আলোচনার পথ উন্মুক্ত রাখতে ব্যাংক সারা বছর ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এসবের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে বার্ষিক সাধারণ সভা।

With a view to speeding-up employee's zeal and to make them confident to face the up-coming challenges, and also to ensure that the existing employees are developing their skills, knowledge and productivity, the Bank established National Bank Training Institute (NBTI) in the year 1987, the first ever training institute among the private banks in Bangladesh. In 2010 it was housed in its own premises at New Eskaton, Dhaka with modern facilities. NBTI organizes Trainings, Workshops, Seminars and Symposiums for officials to enhance and update their professional knowledge. In addition to this, both local and foreign trainings are also provided to on regular basis to improve employee's efficiency and productivity. In the year 2022, a total 2,214 number of employees received training.

## Corporate Social Responsibility

Being a corporate citizen, NBL understands its responsibility towards the society. NBL always strives to act as a partner in the progress of the society as well as the country. The bank has lent a supporting hand in every walk of life of the community in which it operates with special focus on the weaker and the underprivileged sections of the society.

During the year 2022, NBL retained its collective concentration on activities for community welfare through CSR initiatives. The Bank has provided financial support directly or in partnership with others in wider area of social life including disaster management, health Education, Sports & culture, community development etc. at home & abroad.

NBL undertakes CSR not just as charity and compliance issue rather an attempt to respond to all the stake holders' expectations more efficiently and in a responsible manner. NBL conducts its business with the multifaceted approach of creating value for the clients, shareholders and communities responsibly. We strengthened our commitment to the communities where we live and operate by establishing understandable and measurable links between bank's operations and their positive impact upon stakeholders' expectations. Our corporate social responsibility endeavors are rooted into our overall business strategy.

NBL is committed to fulfill its role as a responsible Corporate Citizen and to achieve the goals; the Bank established a foundation in 1989 devoted to the cause of charity, social welfare and other benevolent activities towards the advancement and betterment of the society. The Foundation encourages the active engagement of key stakeholders to facilitate developing and building community ownership by ensuring the sustainability.

## Corporate Governance

NBL has always been adhering to rules, regulations, guidelines, policies and directions in a strict manner. It has always strived to have good corporate governance practices put in place and to ensure that the highest standards of business integrity are regular part of its activities. National Bank Limited portrays a good example of an excellent corporate governance practice.

## Investors' Relation

The Board receives feedback on investor relations activity, along with regular reports of changes in holdings of substantial shareholders and reports on share price movements. A number of events were held throughout the year to maintain an open dialogue with investors, of which the AGM is the most important.

তাছাড়া ব্যাংকের ওয়েবসাইট www.nblbd.com এর মাধ্যমে ব্যাংকের তথ্য ভান্ডারে সহজেই প্রবেশ করা যায়। যেখানে শেয়ারহোল্ডার, বিনিয়োগকারী, বাজারে অংশগ্রহণকারী, বিশ্লেষক ও অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য সম্পদের তথ্য, প্রেস রিলিজ, নিয়ন্ত্রক সংস্থাসমূহের ঘোষণা, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক ও বার্ষিক প্রতিবেদন, ঘটনাপঞ্জি ও তথ্য অনুসন্ধান ভূমিকাসহ আর্কাইভ ও অন্যান্য তথ্য থাকে।

## এনবিএল শেয়ার ঃ

৩১ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত সময়ে ব্যাংকের অনুমোদিত মূলধন ৫০,০০০.০০ মিলিয়ন টাকা, যেখানে পরিশোধিত মূলধন ৩২,১৯৭.৪০ মিলিয়ন টাকা। ২০০৪ সাল থেকে এনবিএল এর শেয়ার সিডিএস (Central Depository System) পদ্ধতিতে রেকর্ড করা হচ্ছে। এই পদ্ধতিতে ৩১-১২-২০২২ পর্যন্ত সময়ে মোট ৩,১৯৭.০৬ মিলিয়ন শেয়ার রেকর্ড করা হয়েছে, যেখানে ২২.৬৮ মিলিয়ন শেয়ার এখন পর্যন্ত স্ক্রীপ্টে রয়ে গেছে।

২০২২ সালে প্রতি শেয়ারের নীট মূল্য (NAV-net asset value) ছিল ১২.৯৪ টাকা, যা ২০২১ সালে ছিল ১৬.১৩ টাকা। ২০২২ সালে শেয়ারপ্রতি আয় পৌঁছেছে (১০.২০) টাকায়, যা ২০২১ সালে ছিল ০.০৬ টাকা। পুঁজি বাজারের উত্থান-পতন সত্ত্বেও এনবিএলের শেয়ার ব্যাংকের অভ্যন্তরীণ শক্তি হিসেবে বিনিয়োগকারীদের নিকট যথেষ্ট প্রশংসিত হয়েছে।

## লভ্যাংশ ঃ

বন্টনযোগ্য মুনাফার অপর্যাপ্ততা ও নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনায় ন্যাশনাল ব্যাংকের পরিচালনা পর্ষদ ৩১ ডিসেম্বর ২০২২ এর হিসাবের উপর শেয়ার মালিকদেরকে লভ্যাংশ না দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। যা ব্যাংকের আর্থিক ভিতকে শক্তিশালী করবে।

## বোর্ড এবং এর কমিটিসমূহ ঃ

২০২২ সালে ব্যাংকের পরিচালকমন্ডলী ১৯টি সভায় মিলিত হয়েছিলেন এবং ব্যাংক পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। অন্যদিকে, পরিচালনা পর্ষদের এক্সিকিউটিভ কমিটি, নিরীক্ষা কমিটি এবং রিক ম্যানেজমেন্ট কমিটি যথাক্রমে ০৬টি, ০৫টি ও ০৪টি সভায় মিলিত হয়েছেন এবং বিভিন্ন বিষয়ে মূল্যবান দিক নির্দেশনা দিয়েছেন।

## পরিচালক নির্বাচন ঃ

ব্যাংকের আর্টিকেল অব এসোসিয়েশন এর ১০৩ ও ১০৪ ধারা অনুসারে নিম্নবর্ণিত পরিচালকগণ বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন।

১. পারভীন হক শিকদার, এমপি

২. জনাব রিক হক শিকদার

৩. আলহাজ্ব খলিলুর রহমান

ব্যাংকের আর্টিকেল অব এসোসিয়েশনের ১০৫ নং ধারা এবং কোম্পানি আইন ১৯৯৪ অনুসারে অবসরপ্রাপ্ত পরিচালকগণ পুণঃনির্বাচন করার যোগ্য বলে বিবেচিত হবে।

Also Bank's website www.nblbd.com provides easy access to information, press release, regulatory announcements, new products, quarterly and half yearly financials, annual reports, event calendar and an archive with detailed search interface as well as other information for shareholders, investors, market participants, analyst and others.

## Shares of NBL

The Authorized Capital of the Bank stood at BDT 50,000.00 million while the paid-up capital is BDT 32,197.40 million as of December 31, 2022. NBL's shares are being maintained with Central Depository System since 2004. A total number of 3,197.06 million shares have been recorded with the CDS (Central Depository System) while 22.68 million shares remained in script till 31.12.2022.

The net asset value (NAV) per share was Tk. 12.94 in 2022, which was Tk. 16.13 in 2021. The earnings per share (EPS) was Tk.(10.20) in 2022 which was Tk.0.06 in 2021. Though capital market showed ups and downs, NBL shares are still admired by the investors due to the inner financial strength of the Bank.

## Dividend

Due to regulatory restrictions & unavoidability of distributable fund the Board of Directors of National Bank Limited has recommended no dividend to the shareholders for the year ended December 31, 2022 which will increase financial strength of the Bank. The approval of the honorable shareholders regarding dividend is expected to receive at the Annual General Meeting.

## Board and its Committees

The Board of Directors of the Bank met in 19 (Nineteen) meetings during 2022 and issued specific directions in conducting affairs of the Bank. On the other hand, Executive Committee, Audit Committee and Risk Management Committee of the Board of Directors met in 06(Six), 05(Five) and 04(Four) meetings respectively and gave valuable decisions on various issues during the Period under review.

## Election of Directors

In accordance with clauses 103 and 104 of the Articles of Association of the Company, the following Directors will retire at this Annual General Meeting.

1. Ms. Parveen Haque Sikder, MP

2. Mr. Rick Haque Sikder

3. Alhaj Khalilur Rahman

As per Article 105 of the Articles of Association of the company and as per companies act, 1994 the retiring Directors are eligible for re-election.

## বহিঃনিরীক্ষক নিয়োগ ঃ

বাংলাদেশ ব্যাংকের ১১-০৭-২০০১ তারিখের বিআরপিডি সার্কুলার নম্বর ১২ অনুসারে এবং বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের ০৮-০৭-২০১৫ তারিখের আদেশ মোতাবেক বর্তমান নিরীক্ষক মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং ডিসেম্বর ২০২২ এ তাদের তৃতীয় বছর সম্পন্ন করেছে। সেহেতু তারা আর পুনঃনিয়োগের যোগ্য নয়। এই সাধারন সভায় নতুন নিরীক্ষক নিয়োগ করা হবে। যারা আগামী বার্ষিক সাধারন সভায় নিরীক্ষকের দায়িত্ব পালন করবে।

## উপসংহার ঃ

যেহেতু বাংলাদেশ অর্থনৈতিক দিক থেকে একটি উন্নত দেশে উত্তীর্ণ হবার জন্য চেষ্টা করে যাচ্ছে, সুতরাং আমরা এই সুযোগের সর্বোচ্চ ব্যবহারের জন্য কাজ করে যাব। আমরা অবগত আছি যে, ইউরোপে অপ্রত্যাশিত যুদ্ধ আবারো বৈশ্বিক এবং আমাদের জাতীয় উন্নয়ন সম্ভাবনাকে মেঘাচ্ছন্ন করে ফেলছে; আমাদের সরকার দক্ষ এবং সতর্ক নেতৃত্বের মাধ্যমে অর্থনীতিকে সব দিক থেকে পুণরুদ্ধারের চেষ্টা করছে। জনগণ এবং ব্যক্তি পর্যায়ের দৃঢ় সমর্থন আমাদেরকে এই ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক বলয় থেকে বেরিয়ে আসতে এবং আমাদের প্রত্যাশিত প্রবৃদ্ধির বাতায়নে সুবাতাস ফিরিয়ে আনতে সাহায্য করবে।

যাহা হোক, আমি পরিচালনা পর্ষদের আমার সকল সহকর্মীদেরকে তাদের নিরবচ্ছিন্ন সমর্থন ও ব্যাংককে সঠিকভাবে পরিচালনার  ক্ষেত্রে অবদান রাখার জন্য ধন্যবাদ দিতে চাই। আমি আমার সকল কর্মকর্তা ও কর্মচারিদেরও তাদের ত্যাগ ও আনুগত্যের জন্য ধন্যবাদ দিতে চাই, যা এই ব্যতিক্রমী পরিস্থিতিতে ব্যাংকের সাফল্য অর্জনে অনিবার্যভাবে অবদান রেখেছে।

পরিশেষে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড, ঋণগ্রহীতা, আমানতকারী এবং অন্যান্য সংস্থার প্রতি বিশেষভাবে কৃতজ্ঞতা জানানোর মাধ্যমে, যারা সর্বদা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে আমাদের ব্যাংকের সাথে যুক্ত এবং সব সময় ব্যাংকের প্রয়োজনে তাদের মূল্যবান উপদেশ, দিক নির্দেশনা ও সহযোগিতা দিয়ে থাকেন। এবং সর্বশেষ আমাদের সম্মানিত শেয়ারহোল্ডার, সর্বদা যারা আমাদের উপর বিশ্বাস ও আস্থা স্থাপন করে আমাদের এই পথচলাকে সমৃদ্ধ করেছেন, তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি।

আল্লাহ হাফেজ

বোর্ড অব ডিরেক্টরস এর পক্ষ থেকে

চেয়ারম্যান

## Appointment of Auditors

As per Bangladesh Bank's BRPD Circular Letter No. 12 dated 11 July 2001 and order of Bangladesh Securities and Exchange Commission dated 08 July 2015, current auditor M/s. Khan Wahab Shafik Rahman & Co. have comleted their tenure of 3 year as on December 2022. So as per circular they are required to retire from the position of auditor. A new auditor firm will be appointed in this AGM who will be auditor till next AGM.

## Conclusion

As Bangladesh continues its journey to become an economically developed country in the future, we will work towards maximizing our share of the opportunity. We are aware that unexpected war in Europe has again clouded the prospects for the global & our national economy; our government is trying to salvage the overall economy with strong and prudent leadership. Strong support of the public and private sectors will help us to get rid of the tottering economy, springing back into our desired growth trajectory.

Nevertheless, I take this opportunity to thank my colleagues in the board for their continued support and contributions in moving the Bank to the right direction. I also convey my thanks to all our employees for their dedication and commitment which immensely contributed to the performance of the Bank during these exceptional circumstances.

We would conclude by offering a special gratitude to Bangladesh Bank, Bangladesh Securities and Exchange Commission, Dhaka and Chittagong Stock Exchanges, Central Depository Bangladesh Limited, borrowers, depositors and other stakeholders who always give us their valuable advice, guidance and cooperation as & when needed. And let us not forget to thank our shareholders whose trust placed on us at all time in our pursuit for excellencies of immense value.

Allah Hafez

On behalf of the Board of Directors

**Chairman**